তারপর আমাদের দেশের পল্লী-অঞ্চলে আজও পানীয় জলের অভাব। অবশ্য আজ আমাদের সব দিকেই সমস্যা, কিন্তু মনে রাখতে হবে পল্লী-সমস্যা আমাদের নিকট সব সময় প্রধান হয় না। বস্ত্র সমস্যার উদ্ভব কখন হয়? যখন কলিকাতা নগরীর লোক বস্ত্র পায় না, তখনই খবরের কাগজে বড় বড় শিরোনামা বের হয়, কিন্তু গ্রামের ব্যাপারে তা হয় না। গ্রামের লোক পিপাসায় ভাল পানীয় জল পায় না, অস্বাস্থ্যকর স্থানে তারা বাস করতে বাধ্য হয়, কিন্তু সেসব কথা কাগজে স্থান পায় না। আজ জাতীয় সরকার গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ করবার একটা বিরাট পরিকল্পনা স্থির করেছেন এবং প্রতি ইউনিয়নে তা কার্য্যকরী করবার ব্যবস্থা করছেন। আরও অনেক জনকল্যাণকর পরিকল্পনা আমাদের সরকারের সামনে রয়েছে। আজ নীতির দিক থেকে প্রশ্ন করা চলে, দেশকে গড়ে তুলবার জন্য বৃহৎ ও ক্ষুদ্র পরিকল্পনা আমাদের সামনে এসেছে, সেই পল্লী-উন্নয়ন পরিকল্পনার দিকে কার কতটা দরদ আছে? কে কতখানি শক্তি এদিকে নিয়োগ করেছেন। আজকে তা যাচাই করে দেখবার সময় এসেছে। আমাদের মাননীয় নেতা গত অধিবেশনের সময় পার্টির সভায় বলেছিলেন যে, প্রত্যেক সদস্য তাঁদের জেলার স্বাস্থ্যের উন্নতি, চাষের উন্নতি, ব্যবসা-বানিজ্যের শ্রীবৃদ্ধি প্রভৃতি সব কিছু সমস্যার যত শীঘ্র সম্ভব একটা কার্য্যতালিকা করে তা আমার কাছে উপস্থিত করবেন এবং সেই কার্য্যতালিকা সামনে রেখে তাঁরা গ্রামোন্নয়নের কাজে অগ্রসর হবেন, কারণ এমন একটা দিন আসছে যে শুধু গলাবাজী করে পরের সমালোচনা করে কোন লাভ হবে না। আগেকার মত নির্বাচন কেন্দ্রে ভোটারদের ধরে আনবার দিন আর নেই। আজ কাজের দ্বারা ভোটারদের সন্তুষ্ট করতে হবে, তাদের ঘরে ঘরে যেতে হবে এবং প্রত্যেক নির্বাচন এলেকার দুঃখ দৈন্যের প্রতিকার করতে হবে। শুধু পরের কুৎসা করলেই চলবে না।

আমি আশা করি যে কর্মপদ্ধতি পশ্চিম বঙ্গ সরকার গ্রহণ করেছেন, যদি সেই কর্মপদ্ধতি গ্রহণ করে স্বীয় পল্লি দেশের কল্যাণে উৎসর্গ করেন, তাহলে শুধু যে ভোটারদের জোরেই তারা বিধান সভায় আসবেন তা নয় তাতে আমাদের দেশেরও প্রভূত কল্যাণ ও শ্রীবৃদ্ধি সাধন হবে।

আর একটা বিষয় এখানে উল্লেখযোগ্য ও গর্বের বিষয় যে দেশ স্বাধীন হবার পর একটা সামাজিক অযোগ্যতা দূরীকরণ আইন কার্য্যকরী হয়েছে; কিন্তু এক্ষেত্রে কতকগুলি দুঃখের বিষয় আছে। আইন বিভাগের মাননীয় মন্ত্রীমহাশয় এখানে আছেন। এই আইনকে কার্য্যকরী করবার দিকে পুলিশ বিভাগ মোটেই সচেতন নন। পুলিশকে এবিষয়ে প্রয়োজনস্থলে তৎপর হতে হবে। আমি এ বিষয়টা বক্তৃতা করে বললে তা অন্যরূপ গ্রহণ করবে। মোটামুটি একটা গল্প বলছি--ব্রহ্মা বসেছিলেন, এমন সময় একদিন একটা ছাগল ছানা সেখানে এসে নতজানু হয়ে বললো--"হুজুর, আপনার কাছে এসেছি একটা বিচারের আশায়"। ব্রহ্মা বললেন--"কি বিচার হে বাপু?" ছাগল ছানা বললো--"প্রভু, আমাকে যে দেখে সেই খেতে চায়"। তখন ব্রহ্মা বললেন--"বাপু হে, কি আর বলবো তোমাকে দেখে আমারই খেতে লোভ হচ্ছে"। এই শুনে ছাগল ছানা "বাপ" বলে পাঁই পাঁই করে সেখান থেকে ছুট্ মারলো। আজ আমরা যখন বলি আমাদের শিক্ষা চাই, ঘর বাড়ী, টাকা পয়সা চাই, তখন আমাদের ঐ ছাগল ছানার কথা মনে পড়ে। আমরা এসব সামাজিক অধিকার কার কাছে চাই, কে দেবে আমাদের অধিকার? কি উপায়ে বাড়বে আইনের মর্য্যাদা? আজ যদি কোন পুলিশ অফিসারের কাছে গিয়ে কোন অস্পৃশ্য সন্তান বলে যে অমুক গোঁড়া পণ্ডিত আমাদের ক্রিয়া কর্ম করেন নাই, অমুক নাপিত আমাদের চুল কাটেন না, তখন সেই সব পুলিশ অফিসার একটু মুচকে হেসে বলেন, "বাপু হে, এটা ব্যক্তিগত ব্যাপার। গ্রামের জন্য ঐ আইন হয় নাই--কেবলমাত্র সহরবাসীর জন্য হয়েছে"। আবার সহরের অফিসার বলেন অস্পৃশ্যতা বলে কিছুই নাই। এই রকম মনোবৃত্তি আজ সারা গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়েছে এবং সহর-অঞ্চলে এই হীন মনোভাব গড়ে উঠছে। এই সুযোগে অনেকে বলতে চায় স্বাধীনতা ত অর্জন হয়ে গিয়েছে আবার Scheduled caste বা হরিজন হরিজন করা হচ্ছে কেন? হরিজনরা যেমন পায়ের তলায় ছিল তেমনি থাক। এটা খুবই বেদনাদায়ক। আমি জানি আইন-সচিব মহাশয় বিভিন্ন সম্প্রদায়ের মতামতসহ একটা বই ছেপেছেন। তাতে পণ্ডিত সমাজ এই কথাই বলেছেন--দেশে এই যে আইন আপনারা করতে যাচ্ছেন সেখানে রাষ্ট্রের কোন অধিকার নাই। কেননা মন্দিরে প্রবেশ যদি চণ্ডালেরা করে তাহলে ঠাকুর অপবিত্র হয়ে যাবে এবং দেবমন্দির নষ্ট হয়ে যাবে। ছোট লোক অস্পৃশ্য, তারা নরকে থাকবে--এইতো সনাতন বিধান। নতুবা তাদের মুক্তি নাই।

আজ তাই আমি পশ্চিম বঙ্গ সরকারের কাছে এই কাতর প্রার্থনা জানাচ্ছি- বিশেষতঃ আইন-সচিব ও প্রধান মন্ত্রীর কাছে--এই আইনের রূপ বদল করতে হবে, অর্থাৎ তৎপর সংশোধন প্রস্তাব আনতে হবে। তাহলে আমাদের সমাজ প্রত্যেক হিন্দুকেই সমান অধিকার দিতে বাধ্য হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি এবং মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তা সর্বান্তকরণে সমর্থন করছি এবং আমাদের Secretary মহাশয় যে প্রস্তাব এখানে উপস্থিত করেছেন তা অন্তরের অন্তঃস্থল থেকে সমর্থন করছি।

The House was then adjourned for fifteen minutes.

(After adjournment.)

Janab MD. KHUDA BUKHSH: Mr. Speaker, Sir, I am thankful to His Excellency for affording us this opportunity of discussing the policy that is being pursued in the various departments of his Government. In his most excellent speech he has covered quite a wide field of administrative activities that are being pursued by his Government. But, Sir, here I have to draw your attention to one or two things that appear to me to be misleading. Sir, in his speech referring to the success that has attended the Delhi Pact and its working he has said that "since the pact my Government have been able, by energetic action, to create such conditions in my State where, as the migration figures show, larger numbers of Muslim migrants are coming back and are being restored to their former life".

Sir, I have no quarrel with the fact that larger numbers of Muslims who had migrated consequent on the disturbances are coming back to the

State. But, Sir, I do not know if His Excellency has been well advised by his Government to have stated before this Assembly that they are being restored to their former life.

Sir, I suffer from an initial disability that I happen to be a representative chosen from this House to work in the Minority Commission set up under the Delhi Agreement. There are many things that have come before me in the Commission and we have taken upon ourselves a self-imposed embargo that whatever comes to our notice through the Commission is confidential and, therefore, Sir, I shall not be able to give you the figures and the facts that have come to my notice as a Minority Commissioner. But, Sir, generally speaking, I shall have to tell you and tell this House, because this House is my constituency, I represent this House in the Minority Commission, exactly what has been achieved by way of implementation of the Delhi Agreement. Sir, you are aware of this that thousands upon thousands of Mussalmans had migrated to various places, many of them outside this State of West Bengal. Consequent upon the signing of the Agreement and the cessation of blood-shed and turmoil, the Mussalmans came back. That is not to say that they came back because they were convinced that there was a sense of security or complete security was prevailing in this country, but because they felt that the signing of the Agreement was a great augury and better conditions would soon follow. Sir, there is no wide-scale lawlessness today, but I, as a representative of the minorities, am bound to tell you and through you to this House that that sense of security which the Delhi Pact sought to achieve and infuse in the minds of the Mussalmans has not been attained and realised.

Sir, this statement of His Excellency that they are being restored to their former life means that they are being rehabilitated, that they are being given back their houses, that they are being given employment that they held, that they are being restored to their shops, that they are being, generally speaking, restored to their normal avocations they had before they left this country. I am afraid, Sir, this is not being done. It would be interesting to ask this Government to give this House facts and figures telling this House how many villages and how many *mahallas* in the towns were affected during the last disturbance, how many Muslims were killed, how many houses were burnt, how many houses were looted, how many Muslims migrated to Pakistan or elsewhere, how many have since returned, how many houses have since been returned to the Muslims—about industrial labour—how many Muslims have been given back their jobs, what is the relief given to the Muslims immediately after the disturbance and what is the relief being given to the Muslims after they have come here by way of rehabilitation grants.

Sir, I can inform this House that the Government of the State decided to give Muslims an all-purposes grant of not exceeding Rs. 200 and the distribution of these grants was left to the district authorities. The district authorities were expected to use their discretion in the disbursement of these grants. I can tell you this, Sir, because I have got the figures that, without naming the districts, most of the districts have not yet given returns of their figures and I do not know what they have done, but with regard to those districts which have given their returns, not more than 5 per cent. have received a grant of Rs. 100 and mostly they have received between Rs. 18 and Rs. 14 per family. I ask you, Sir, in all humility, is this enough for rehabilitation of a Muslim who was rendered a destitute due to the disturbance? Sir, the State of West Bengal could not give protection to the minbrities, for reasons I am not going to go into

at the moment because it would be useless—I want to bury the dead past, but it is a very, very important question—the amount which was granted, because it is currently enjoying the attention of Government.

Sir, in this connection it would interest you to draw a comparison. The East Bengal refugees who are our charge and whom we have given our sacred word that we shall rehabilitate them in this province are getting a certain sum. The Muslim nationals of West Bengal who were driven out also suffered greatly. The horrors are all well known to you, Sir. They went away, they have come back quite in the same distressful conditions as the East Bengal refugees. They have been treated on a footing different from the East Bengal refugees. Sir, His Excellency has also observed that many refugees have fitted themselves into the economy of this State, but I wonder, Sir, if His Excellency has been told by his Government exactly through what process this rehabilitation took place or was achieved. I wonder, Sir, if His Excellency knows that hundreds of acres of land were forcibly occupied by the refugees and built upon. This process commenced a long time ago. You will recall that during the last debate on His Excellency's speech I mentioned it. It was greatly accelerated by the recent disturbance and hundreds upon hundreds of acres of land have been forcibly taken possession of by the refugees and built upon. Where is the indication of Government policy in regard to those lands? Sir, I might tell you that of the hundreds of acres of land forcibly occupied by the refugees the large majority belongs to the Muslims. I do not know, Sir, why the refugees coming over from East Bengal should develop a hostile attitude towards the Mussalmans here. They should realise that here we suffered the same fate as they did in East Bengal. We are sufferers of a common malady. They should instead be more friendly and more sympathetically disposed towards the minorities. Sir, I hope this appeal will go out to them.

Sir, His Excellency has mentioned that machinery has been provided for the restoration of immovable property, houses as well as other immovable property, to the returning migrants. Sir, immediately after the signing of the pact there was a real energetic action and in Calcutta restorations were brisk and many. In the districts the restoration is negligible and in many districts nil. Then, Sir, it was discovered by Government that the present laws of the land were deficient and the police had no authority to summarily evict the trespassers and restore the lawful owners and occupants to possession. We have been told for a long time now that legislation is contemplated. Sir, I wish that His Excellency had given us an indication why it has taken such a long time to bring in an all-important legislation for the rehabilitation of the Muslim migrants.

Sir, this question of rehabilitation is one whether it be the rehabilitation of East Bengal refugees or the Muslim displaced persons of West Bengal, which could have been treated separately, but now the two are so bound up together that it is impossible to treat one separately from the other, because the East Bengal refugees who under compulsion of circumstances came away here and chose not to go back are in possession of houses and properties left vacant by displaced Muslims. There was a time when by energetic action Government could have restored to the Muslims their houses and properties without having to make any alternative arrangement for accommodation of the refugees, but now the position is such that alternative accommodation for the refugees will have to be made before they can be ousted from properties under their forcible occupation. Where is the building programme of the Government? Alternative accommodation will have to be given to the refugees before

they can be ousted from Muslim houses. It will not do for Government to take shelter behind arguments. Government, if they are sincere, if they are out to implement the annexure as well as the main Delhi Agreement, have to undertake to settle the returning migrants, in their houses. In order that they may succeed in doing so, they must be able to take the refugees somewhere and give them shelter. The problem has been suffered to acquire such complexities and assume such proportions that the Government are bewildered, but they have to make a beginning, and I think the beginning should be made with building of houses, huts, tenements, transit camps or whatever you may like, but I must demand of the Government today that Government should solve this problem. It cannot be solved piecemeal. I realise this and agree with the Government that it cannot be done that way, but where is the beginning? I would request the Chief Minister to take note of this and make a beginning.

Sir, the rehabilitation of the returning migrants has been another aspect. They should be given opportunities to return to their avocations of life. Hundreds of industrial workers were displaced. They were dismissed on the ground that they had left without notice. Sir, I challenge this. I wish Mr. Walker were here and also the group that he represents. I challenge this; they did not leave without notice. I ask you in all humility: Is this going without notice? When Government made arrangements for special trains for evacuation of industrial workers, Government themselves thought that it was unsafe for the Muslims to stay where they did, and they made arrangements for their safe evacuation to various places even to Pakistan. They were given only seven days' to resume their duties. Sir, is that fair? Government have undertaken in the annexure of the Delhi Agreement to persuade the employers to reinstate returning migrants. I have not yet seen any circular going out to the large employers of labour requesting them to reinstate the returning Muslims as far as possible. Sir, even the Corporation of Calcutta which is under the direct administration of Government refuses to take back the returning migrants. Sir, as regards unlawful and forcible occupation of lands, the sufferers—the aggrieved party—have gone from post to pillar and from pillar to post and at last to the Minority Commission but they have got no redress anywhere. Some of them have even approached the courts of law for trespass; they tried to seek redress under appropriate sections of the law. You will be surprised to learn, but it is true, that in a particular case one Maharaddi Shaikh moved the Subdivisional Officer of Alipore and got an order for the Tollygunge police-station to enquire into the matter. The Second Officer of Tollygunge sent his report stating that the petition was true. On the 16th June last, the Subdivisional Officer ordered the Officer-in-charge of Tollygunge police-station to treat the petition as the first information report and challan the accused persons. Sir, nothing has even up to today been done.

In another case Mrs. Momin also sought redress in a court of law. The remarks of the trying Magistrate are revealing. He said "after repeated reminders when he failed to obtain even a report from the Tollygunge Police, he wrote on the order-sheet that the entire somnolent police deserve to be given a shake-up. Copy of this order should be forwarded to the Superintendent of Police". Sir, the Hon'ble Chief Minister,—I think he is here in this House—I hope, will tell us exactly what he proposes to do in regard to the lands forcibly occupied by the refugees. If it is the intention of the Government or the policy of Government to acquire those lands, by all means let them do it, because the refugees will have to be housed. Speed up the acquisition proceedings, so that the persons who have lost their lands, could get back a little benefit in return of the losses suffered by

them. Mr. Banerjee, while speaking about the refugees, requested the Government to allow the social workers to assist them in the administration of the refugee colonies and camps. I do not know what type of social workers he might have in mind, but from what we have read in the papers, I think Government have been wise to discourage such social workers to visit the camps. The Governor, Sir, in his excellent speech has mentioned about the refugees that it has been possible by surveying the type of people in the camps to allot to a village such artisans of different categories as would usefully fit into its economic life. This is excellent, but I must say, Sir, that it is rather late in the day. It should have been thought about much before and this rehabilitation should have proceeded along these lines. He has also mentioned in his most excellent speech that Calcutta has not only been overcrowded with refugees seeking shelter here but there are a large number of students also. I agree with the observations of His Excellency. But, Sir, I am afraid, Calcutta is overcrowded not only with refugees but is also overcrowded with us—normal residents of Calcutta. But no mention has been made of the housing schemes and satellite towns and other schemes that we were wont to hear during the budget discussion. What has been achieved, what has been done? I think this House can demand of the Government an answer and also an indication as to what exactly those proposals and schemes were.

Then his observation is that West Bengal is very poorly provided with roads and means of communication. Sir, it brings into mind also the state of transport in the country that we have everyday. It is common knowledge that our transport services are none too adequate. Thank God that communists are no more out and roaming about burning tram cars. But, Sir, even then, the transport is hopelessly inadequate; but even with all this inadequate transport you may have read in the newspapers that Government have decided to take off the road as many as 159 buses. I do not know what the Government's reasons for such withdrawal are, but I have also read comments in the daily press criticising the Government for having refused permission for 159 buses to be on the road. Sir, this is inconsistent. We cannot on behalf of the State augment our transport services and if private enterprises were to come and give us a little assistance in the solution of the problem, we turn it down. I do not know what the reasons are. But I hope in course of time we shall be enlightened about it.

Sir, we have been told that we have to co-operate with ourselves—because what is State except ourselves—by refusing to buy at black-market rates. I shall gladly co-operate with any if I knew that I would get the goods I want at the market rates. But where is the supply of goods? If His Excellency had come out with an assurance that Government would try and combat this menace, this anti-social activity of black-marketing, by opening fair price shops where consumer's interest would be safeguarded, I would have welcomed it. But it is a mere platitude, if I may use that word in connection with the most excellent speech of His Excellency delivered in this most august House.

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পিকার মহাশয়, রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করে যে প্রস্তাব উপস্থাপিত হয়েছে তা সমর্থনের জন্য দাঁড়িয়েছি। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে সাম্প্রদায়িক পরিস্থিতি ও দিল্লী চুক্তির কথা আলোচনা করেছেন। দিল্লী চুক্তিতে যে ভাল কাজ হয়েছে সে বিষয় সন্দেহ নাই। দিল্লী চুক্তির ফলে সাম্প্রদায়িক পরিস্থিতিতে এক বৈপ্লবিক পরিবর্তন হয়েছে। জনসাধারণের মনোভাব অনেক ভাল হয়েছে এবং যে সমস্ত বাস্তুত্যাগী পূর্ব বাঙ্গলায় বাস্তু ত্যাগ করে পশ্চিম বাঙ্গলায় আসছে এবং পশ্চিম বঙ্গ থেকে যে সমস্ত মুসলমান বাস্তু ত্যাগ করে পূর্ব বাঙ্গলায় যাচ্ছে, এই যাওয়ার ব্যাপারে দ্রুত পরিবর্তন হয়েছে। পশ্চিম বঙ্গ থেকে এখন যাওয়া বন্ধ হয়ে গিয়েছে এবং পূর্ব বঙ্গ থেকে

আসাও অনেক কমে গিয়েছে, এবং তাদের আসার ব্যবস্থায় পথে যে নিষেধ ও অসুবিধা আছে তাও অনেক কম হয়ে গেছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। এবং সরকার পূর্ব বাঙ্গলা থেকে যে সমস্ত বাস্তুত্যাগী এসেছে তাদের ৩০ লক্ষের মধ্যে ১১ লক্ষকে ইতিমধ্যেই পুনর্বাসনের ব্যবস্থা করেছেন এটা ভাল কথা। এ ছাড়াও অন্যান্য বাস্তুত্যাগী যারা পূর্ব বাঙ্গলা হতে এসেছে তাদের এখনও কোন ব্যবস্থা হয়নি। সরকারের এই সম্পর্কে অনেক বাধা বিপত্তি, অনেক অসুবিধা রয়েছে, এই বিষয় আমরা উপলব্ধি করি কিন্তু যারা বাস্তুত্যাগী তারা এই জিনিষটা উপলব্ধি করিতে পারে না। তাই সরকারের যে সমস্ত অসুবিধা আছে তা সত্ত্বেও সরকার যেন বাস্তুত্যাগীদের মনোভাব নিয়েই দেখেন, কারণ যে বাস্তুত্যাগী, বা বাস্তুহারা হয়—আমরা অপেক্ষা করতে পারি, বুঝবার চেষ্টা করতে পারি কিন্তু তারা কিছুতেই সে কথা বুঝতে চায় না। তাদের দেরী সয় না; সরকারের পক্ষে দেশের মধ্যে তাদের পুনর্বাসন করার কি অসুবিধা আছে সেটা তারা মানে না। তারা যে অবস্থায় আছে তাদের পক্ষে সেটা মানাও সম্ভব নয়। এজন্য এই সমস্যাকে যেমন করেই হোক আমাদের সরকারকে সমাধান করতে হবে। Congress President এই কথা বলেছেন। যেমন করেই হোক, tax করে হোক বা capital levy করে হোক, তাদের অবিলম্বে পুনর্বাসন করতে হবে। আমি সরকারের দৃষ্টি এইদিকে আকর্ষণ করছি এবং তাদেরকে বাস্তুত্যাগীর অন্তর নিয়ে এইটা সমাধানের চেষ্টা করতে বলছি। যেমন পূর্ব বঙ্গের বাস্তুহারা তেমন পশ্চিম বঙ্গের যারা মুসলিম বাস্তুহারা যারা পুনর্বার প্রত্যাবর্তন করেছে বা অন্যভাবে বাস্তুচ্যুত বা স্থানচ্যুত হয়ে গিয়েছে তাদের পুনর্বাসন সম্পর্কে এই একই কথা। কিন্তু যে কথা ইতিপূর্বে বলা হয়েছে যে Industrial Labour তাদের সম্বন্ধে সরকারের যেটুকু হাত আছে, সরকার চেষ্টা করলে তাদের জন্য হয়ত কিছু করতে পারতেন। কিন্তু সরকার তা করেন নাই। তাদের প্রতি অন্যায় অবিচার করা হয়েছে। তারা যখন এখানে ছিল না তখন তাদের ৩ দিন বা ৭ দিন সময় দেওয়া হল কাজে যোগদান করবার জন্য। কিন্তু এই সময়ের মধ্যে যারা ফিরে এলো তাদেরও reinstate করা হয় নাই। কোন কোন ক্ষেত্রে তাদের নূতন কাজ দেওয়া হয়েছে। তাদের পূর্বের কাজ দিলেও নিম্ন পদে নিয়োগ করা হয়েছে। যারা ফিরে এলো—হাজার হাজার লোক তারা কি অবস্থায় চলে গিয়েছিল? অনেকে হয়ত ইচ্ছা করেই চলে গিয়েছিল কিন্তু Industrial Labour অত্যন্ত অনিচ্ছা সত্ত্বেই যেতে বাধ্য হয়েছিল, কিন্তু তারা ফিরে এলেও কাজ পেল না। সরকারের এই সমস্ত ভাল করে দেখে যাওয়া যেখানে যে কাজে ছিল সেই কাজেই তাদের reinstate করা উচিৎ। দিল্লী চুক্তির ফলে মুসলমানদের মনের মধ্যে পূর্বের বিশ্বাসভাব ফিরে আসছে এবং সম্প্রতি নাসিক কংগ্রেসে ভারত এবং পাকিস্থান সম্পর্কে সাম্প্রদায়িক পরিস্থিতি সম্বন্ধে যে প্রস্তাব গৃহীত হয়েছে, সেই প্রস্তাব গৃহীত হবার পর আমার মনে হয় যদি কোন মুসলমানের মনে কোন সন্দেহ থেকে থাকে তা দূরীভূত হয়েছে। কিন্তু একটা কথা—দেশের আভ্যন্তরীণ সাম্প্রদায়িক বিরূপ মনোভাব সম্পূর্ণভাবে প্রসমন হয়েছে এটা বিশ্বাস করা শক্ত। সরকার যেন এদিকে নজর রাখেন এবং যাহাতে এই সমস্যা সমাধান হয়, এই সাম্প্রদায়িক বিষাক্ত আবহাওয়া দূর হয়—সে বিষয়ে চেষ্টা করা যেমন সরকারের কর্তব্য—তেমনি জনসাধারণ, কংগ্রেস ও সকলেরই কর্তব্য। নদীয়া জেলা, মালদহ জেলা ও বাঁকুড়ার অবস্থার দিকে যেন সরকার সতর্ক দৃষ্টি রাখেন।

রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণে উল্লেখ করেছেন যে এদেশের রাস্তাঘাটের ব্যবস্থার অত্যন্ত অভাব এবং তিনি বলেছেন যে ১২৯ কোটি টাকা ব্যয় করে ৭০০ মাইল রাস্তার পরিকল্পনায় সরকার অগ্রসর হয়েছেন। খুবই ভাল কথা। এই কাজ দ্রুত ও সুষ্ঠুভাবে যাতে হয়, তাই আমরা চাই। এ সম্বন্ধে একটী প্রয়োজনীয় কথা—এই সমস্ত রাস্তার জন্য যে জমি acquire করা হয় বা হচ্ছে, সেটা Land Acquisition Act অনুসারে করা হয়। তার নিয়ম হচ্ছে—জমি নেওয়ার স্থির করে সেই জমির জন্য কি মূল্য বা ক্ষতিপূরণ দিতে হবে তা স্থির করে সেই টাকা দিয়ে তবে জমি দখল করতে হবে। কিন্তু দুঃখের কথা এই সমস্ত রাস্তার জন্য যে সমস্ত জমি নেওয়া হয়েছে বা হচ্ছে, অধিকাংশ জমি before award অর্থাৎ যে টাকা সেখানে দিতে হবে, তা দেবার পূর্বেই সেই সমস্ত জমি দখল করা হয়েছে এবং হচ্ছে। অবশ্য Land Acquisition Actএ বিধান আছে—একটা ক্ষেত্রে তার ১৭ ধারায় আছে—in cases of urgency—ক্ষতিপূরণ দেওয়ার পূর্বে বা ক্ষতিপূরণ কত হবে, তা স্থির করার পূর্বে জমি দখল করা যেতে পারে। But that is in case of urgency; কিন্তু এ সমস্ত জমির যা মূল্য দেওয়ার পূর্বেই দখল নেওয়া হয়েছে সেগুলির কি urgency আছে তা বুঝতে পারি না। জমি নেওয়া হয়েছে কিন্তু রাস্তা হচ্ছে না—urgency কোথায়? অথচ এই জন্য টাকা দেওয়া বা ক্ষতিপূরণ দেওয়ার পূর্বে জমির মালিকের যে ক্ষতি হচ্ছে—আমি সরকারের দৃষ্টি এইদিকে আকর্ষণ করছি। Diamond Harbour মহকুমায় এরকম অনেক জমি নেওয়া হয়েছে এবং সেখানে compensation

দেওয়ার পূর্ব্বেই নেওয়া হয়েছে। এই যে compensation দেওয়ার পূর্ব্বে জমি নেওয়া হল এবং এক বছর বা দু বছরের মধ্যে টাকা দেওয়া হল না বা তার পরে দেওয়া হল, ইতিমধ্যে জমির মালিকের যে loss of income হবে, তা compensationএর মধ্যে যুক্ত হওয়া উচিত। কিন্তু যখন টাকা দেওয়া হয় তখন এজন্য—এই loss of income পূরণ করার জন্য—এক পয়সাও দেওয়া হচ্ছে না। একটা জমি যে জমির মূল্য পাঁচ শত টাকা, সেখানে হয়ত দুই শত টাকা দেওয়া হচ্ছে—তাও আবার জমি নেওয়ার ২ বছর পরে। এই দুই বছরে জমি দখল করার জন্য যে ক্ষতি হল, তার জন্য কিছুই দেওয়া হচ্ছে না। আমি সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। এতে লোকের মনে অসন্তোষ জাগ্রত হচ্ছে। অন্যের কাছে এটা ছোট হলেও জনসাধারণের কাছে এটা অত্যন্ত বৃহৎ ব্যাপার। টাকার কথা বললেই অনেক সময় বলা হয় যে sufficient grant নেই। যদি টাকাই নেই, তবে জমি নেবার প্রয়োজন কি? আমি আশা করি সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় এ বিষয়ে যেন লক্ষ্য রাখেন এবং অবিলম্বে একটা ব্যবস্থা করেন যে, যে সমস্ত জমি নেওয়া হয়েছে, অবিলম্বে সেখানে টাকা দেওয়া হয় এবং যতদিন না টাকা দেওয়া হয় ততদিনের loss of incomeএর পরিপূরণের ভাল ব্যবস্থা করা হয়। নতুবা লোকের মনে অশান্তি দেখা দিবে। এইভাবে অবিচার করে লোকের মনে অশান্তি জাগ্রত করা ঠিক হবে না। তারপর কথা হচ্ছে—মাননীয় প্রদেশপাল মহোদয়ও বলেছেন—এ বৎসর বন্যা এবং প্রাকৃতিক বিপর্য্যয়ের কথা। এ বৎসর বন্যা, প্রাকৃতিক বিপর্য্যয়—ভূমিকম্প—natural calamity—অনেক কিছুই দেশে হয়েছে। বাস্তবিকই এই বৎসরটী বন্যা, ভূমিকম্প প্রভৃতি প্রাকৃতিক বিপর্য্যয়ের জন্য কুখ্যাত হয়ে থাকবে। আসামে ও দার্জিলিংএ হয়েছে—এমন বহু স্থানে হয়েছে। সুন্দরবন অঞ্চলে বাঁধ ভাঙ্গার সঙ্গে সঙ্গে কত ধান যে নষ্ট হয়েছে তা বলা যায় না। ডায়মণ্ড হারবার মহকুমার, বসিরহাট মহকুমার অনেক জায়গায় বন্যার জন্য বহু ধান নষ্ট হয়ে গেছে—পুকুরের পানীয় জল লবণাক্ত হয়ে গেছে। এবং যে বাঁধ ভেঙ্গেগেছে তা মেরামত করা না হওয়ায় জোয়ার ভাঁটায় জল এসে সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে। সরকারের সামনে এটা মস্ত বড় সমস্যা। সরকার এ বিষয়ে যেন ব্যবস্থা করেন। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় এ সম্পর্কে যদি একটা বিবৃতি দেন, তবে জনসাধারণ কিছুটা আশ্বস্ত হতে পারে। সমস্যা অনেক। প্রথম সমস্যা হচ্ছে—আশু অর্থাৎ short-term ব্যবস্থা—বাঁধ মেরামত করা প্রয়োজন। বাঁধ মেরামত না হলে সেখানে লোক বাস করতে পারবে না এবং সেখানে ধান হবে না। দ্বিতীয় কথা হচ্ছে—স্থায়ীভাবে—long-term measure—মেরামতের জন্য ব্যবস্থা করা। সুন্দরবনের জমিদার—যাদের লাটদার বলা হয়—এটা তাদেরই প্রধান দায়িত্ব—কিন্তু বহুদিন পর্য্যন্ত এই লাটদারদের অবহেলার জন্য বাঁধ মেরামত হয়নি। Embankment Act মাঝে মাঝে—১৯৪৭ সালের ১৫ই Augustএর পর—দইবার amended হয়েছে। যাদের বাঁধ মেরামত করার দায়িত্ব তারা যদি তা না করে, তবে কি করে তাদের তাড়াতাড়ি বাঁধ মেরামত করতে বাধ্য করা যায় সেই ব্যবস্থা করা হয়েছে কিন্তু এইজন্য যে সংশোধন Embankment Actএ হয়েছে, তা কার্য্যকরী করে তাদের এ কাজে বাধ্য করার কোন ব্যবস্থা হয়নি। এই পর্য্যন্ত আমি জানি। এবং অনেক চেষ্টা করেও বাঁধ মেরামত করেনি। Irrigation Minister বলতে পারেন এবিষয়ে। এখন এই embankment যাতে স্থায়ীভাবে মেরামত করা যায় তারই ব্যবস্থা করতে হবে। এবং তার জন্য শেষ পর্য্যন্ত সরকারই দায়ী। সুন্দরবনে ধান নষ্ট হওয়ার জন্য Irrigation Departmentই দায়ী।

দ্বিতীয় ব্যাপার হচ্ছে, সে সমস্ত জায়গায় লোক পানীয় জল পাচ্ছে না। অনেকবার এই Assembly Houseএও সুন্দরবনাঞ্চলের পানীয় জলের অভাব দূর করার কথা বহুবার উল্লেখ করা হয়েছে যে সেখানে টিউবওয়েল বেশী করে দিতে হবে, কিন্তু আজ পর্য্যন্ত বিশেষ বন্দোবস্ত কিছু করা হয়নি। সরকারেরও অসুবিধা আছে জানি, sufficient পরিমাণে tube পাওয়া যাচ্ছিল না। কারণ এ জিনিষটা এদেশে হয় না। বিদেশ হতে আসে। কিন্তু আমার মনে হয় যেমন বাস্তুহারাদের বসাবার জন্য মস্ত বড় জরুরী সমস্যা আছে সুন্দরবনের যেখানে বাঁধ ভেঙ্গে গিয়েছে, লোণা জল প্রবেশ করায় তাদের ফসল নষ্ট হওয়ার সঙ্গে সঙ্গে পানীয় জলের অভাব ঘটেছে, সে সব জায়গায় emergency হিসাবে এক মাসের মধ্যে সর্ব্বত্র টিউবওয়েলের ব্যবস্থা করা উচিত। এখন অবস্থা এ রকম যে পানীয় জল ২৫ মাইল দূরেও পাওয়া যায় না। এই সমস্যার সমাধানের কর্ত্তা সরকার। সরকারী চেষ্টা ছাড়া অন্য কোন লোক বা প্রতিষ্ঠান কিছুই করতে পারে না। এজন্য সরকারের দৃষ্টি আমি সেদিকে বিশেষভাবে আকর্ষণ করছি, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যাঁরা আছেন তাঁরা যেন এ সম্বন্ধে অন্ত ব্যবস্থা অবলম্বন করেন।

দ্বিতীয়তঃ, খাদ্য পরিস্থিতি সম্বন্ধে রাজ্যপাল মহাশয় উল্লেখ করেছেন রাজ্যে অনেক চাঞ্চল্য অনেক বাধা-বিপত্তি গিয়েছে, তা সত্ত্বেও আমাদের সরকার কোন রকমে খাদ্য ব্যবস্থা এযাবৎ চালু রাখতে পেরেছেন। এজন্য

সরকার নিশ্চয়ই ধন্যবাদার্হ, কোন সন্দেহ নাই। তবু এ সম্পর্কে একটা কথা বলবো। এ বৎসরে কিন্তু অন্য বৎসরের চেয়ে মফঃস্বলে ধান চাউলের দাম অত্যন্ত বেশী। কোন জায়গায় চালের দাম ২৫।২৬ টাকা আবার কোন কোন জায়গায় ২৭।২৮ টাকা পর্য্যন্ত। ডায়মণ্ড হারবারে আজকে প্রতি মন ২৭ টাকা; অন্য বছরে ২২।২৩ টাকার কম হয় না। এই বিষয়ে একটি সমস্যা এই যে সরকার সাড়ে সাত টাকা মণ দরে ধান ক্রয় করেন। সেখানে free marketই আছে, black-market নেই। সরকার অবশ্য ধান সংগ্রহ করেন ৭।।০ টাকা মণ দরে, এবং খাদ্যসচিব মহাশয় গত বাজেট অধিবেশনে figures দিয়ে দেখিয়েছেন যে, ধানের দাম প্রতি মণে ৭।।০ টাকাই যথেষ্ট। এই সম্পর্কে কোন বাগবিতণ্ডা করতে চাই না। যদিও তাঁর কাছে আমিও figures দিতে পারি, যাতে দেখাতে পারি আজকাল চাষ আবাদে যে খরচ হয়, তাতে সাধারণ ব্যবসায়ে যে হারে লাভ রাখা হয়, সেই হারে ধরলেও দশ টাকার কমে কোন পড়তা পড়ে না। সরকার ৭।।০ টাকা মণে ধান সংগ্রহ করছেন। কিন্তু সাধারণ মার্কেটে যে বেচা-কেনা হয় তাতে ধানের মূল্য মণপ্রতি ১০/১১ টাকার কম হয় না। যখন বাজারে ধানের কোন অভাব থাকে না তখনও ১০/১১ টাকার কম ধান সাধারণভাবে বিক্রয় হয় না। যেখানে এইভাবে সাধারণ বাজারের সঙ্গে পড়তা না রেখে গভর্ণমেণ্টের Procurement বিভাগ জোর করে লোকেদের বাধ্য করে নিতান্ত কম মূল্যে অর্থাৎ ৭।।০ টাকায় ধান ক্রয় করে নিচ্ছেন, সেখানে সরকার জনসাধারণের—যারা producer of rice, তাদের যথেষ্ট ক্ষতি করেছেন। সরকার যেরূপভাবে mill-owner-গণের interest দেখেন, তেমনি যদি ধান উৎপাদনকারীদের interestটাও দেখেন, তাহলে দেখতে পাবেন যে ৭।।০ টাকায় সুবিচার হয় না। যদি সরকার সহানুভূতির সঙ্গে লক্ষ্য করেন, তাহলে ধানের দাম বাড়ানোই উচিত। অবশ্য বাড়ালে অন্যান্য জায়গায় প্রতিক্রিয়া কি হয় সেটাও দেখতে হবে। যারা রেশন খায় তারা ১৭।।০ টাকা মূল্যে খায় ঠিক, কিন্তু গ্রামের লোক যারা তাদের অধিকাংশ বছরে ১৯ টাকা থেকে ২২ টাকার কমে পায় না। এজন্যও আমার মনে হয় অন্ততঃ দশ টাকা ধানের মণ করা উচিত। এই সূত্রে control রাখা না রাখার প্রশ্ন এসে পড়ে। নাসিক কংগ্রেসে অনেক ভোটা-ভুটির পর সিদ্ধান্ত গৃহীত হয়ে গেছে যে control বজায় রাখতে হবে, কিন্তু এমনভাবে করতে হবে, যেন জনসাধারণের খুব বেশী অসুবিধা না হয়। Essential articlesএর যতদিন অভাব থাকবে ততদিন control থাকা উচিত। কিন্তু কন্ট্রোল যে থাকবে তার সফলতা নির্ভর করে শাসকবর্গের উপর। এই বিষয়ে, যারা সরকারী কর্ম্মচারী, তাদের administration কেমন হয় সেইটের উপর নির্ভর করে। এতদিন দেখা গেছে, কন্ট্রোলের ব্যবস্থা বা administration যারা করে, তারা efficientও নয় সৎও নয়। সুতরাং কন্ট্রোলের দ্বারা কোন সুফল না হয়ে দুর্নীতিতে দেশ ভরে গেছে। ফলে এই দুঃস্থ দেশের দুর্দ্দশা বেড়েছে। যেদিকেই তাকান দেখা যাবে, আমাদের লোকেদের যে অসুবিধা তার কারণ corruption; সুতরাং আমাদের দেশে যে corruption, যে দুর্নীতি হয়েছে দেশের সর্বনাশ না করে যাবে না। অতএব প্রশ্ন এই দুর্নীতি, controlএর maladministration জনিত অসুবিধা মেনে নেব অথবা তা সত্ত্বে control রাখা হবে। আমি বলবো—দেশকে দুর্নীতিমুক্ত করতেই হবে এবং সেজন্য কন্ট্রোল ব্যবস্থা অসুবিধা সত্ত্বেও রহিত করা উচিত। কংগ্রেস প্রেসিডেণ্ট এই মতবাদ প্রকাশ করেছেন। সরকার সব দিকে চেয়ে দেখুন, unbiased হয়ে দেখুন। কেন্দ্রীয় গভর্ণমেণ্টের নিকট এসম্পর্কে representation দিন। নাসিক কংগ্রেসে control সম্পর্কিত যে resolution পাশ হয়েছে তাতে বিরোধী ভোটের সংখ্যা বড় কম ছিল না, একথা ভুললেও চলবে না। সুতরাং controlএর maladministration ও controlএর ফলে ব্যাপক দুর্নীতির কথা বিবেচনা করে control রহিত করবার সিদ্ধান্ত যথাসম্ভব শীঘ্র গৃহীত হওয়া উচিত। সরকার যেন এ সম্পর্কে অবহিত হয়েন।

Adjournment.

The House was then adjourned at 6-56 p.m. till 4 p.m. on Wednesday, the 27th September, 1950, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 27th September 1950, at 4 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 10 Hon'ble Ministers and 54 members.

Amendments to the motion of address in reply to Governor's Speech.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, দিল্লী চুক্তির মূল উদ্দেশ্য ছিল সংখ্যালঘুদের মনে নিরাপত্তার ভাব তোলা। পূর্ববঙ্গ হতে আগত উদ্বাস্তুদের মনে এই ভাব এখনও আসেনি। ফলে ৪০ লক্ষ উদ্বাস্তুর প্রায় সবাই পশ্চিমবঙ্গেই থেকে যাবে। এই সত্যটা পূর্বেই স্বীকার করায় Governorকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কারণ এই সত্যটা স্বীকার না করলে, পূর্ণ উদ্যমে উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ আরম্ভ করা কঠিন। Governorএর addressএ বলা হয়েছে, এ পর্যন্ত ১১ লক্ষ উদ্বাস্তু পুনর্বাসনের কাজ গভর্ণমেণ্টের পক্ষ হতে শেষ করা হয়েছে। এ সম্বন্ধে আমার কিছু সন্দেহ আছে। পুরা পুনর্বাসনের কাজ শেষ হয়েছে বলে, আমার মনে হয় না। আরও বলা হয়েছে এই ব্যাপারে প্রায় ছয় কোটি টাকা খরচ হয়েছে। অবশ্য এই কাজের পক্ষে ৬ কোটি টাকা খুব বেশী নয়। কিন্তু ছয় কোটি টাকা যথাযথ রীতিতে ব্যয় করা হলে পুনর্বাসনের কাজটা আরও সুষ্ঠু হতো। Addressএ আরও বলা হয়েছে যে ছুতার, কামার, কুমার, জেলে প্রভৃতি যে সব উদ্বাস্তু এসেছে তাদের জন্য পশ্চিমবঙ্গের গ্রামে জায়গা আছে। কারণ এই সব কারীগরের পশ্চিমবঙ্গের গ্রামে অভাব আছে। কিন্তু প্রধান সমস্যা হচ্ছে, মধ্যবিত্ত লোকদের নিয়ে; আমার মনে হয়, এই কলকাতার চারপাশে যে সব খালি জমি পড়ে আছে, Governmentএর কর্তব্য সেই সমস্ত জমিতে মধ্যবিত্ত উদ্বাস্তু লোকদের বসানো। যদি প্রত্যেক পরিবারকে পাঁচ কাঠা জমি দেওয়া যায়, এবং সেই প্রতি পাঁচ কাঠায় উদ্বাস্তু পরিবারের মেয়েরা কাজ করেন তাতে শাকসব্জী অনায়াসে উৎপন্ন করিতে পারেন। তাতে তাঁদের নিজেদের শাকসব্জীর প্রয়োজন তো মিটবেই, অধিকন্তু কলকাতার জনসাধারণের শাকসব্জীর বর্তমান অভাব অনেকটা দূর হবে। এবং দুর্মূল্যতাও কমে যাবে। এইভাবে কলিকাতার আশে পাশে জমি নিয়ে কাজ করলে উদ্বাস্তু সমস্যার সমাধানও অনেকটা হতে পারে। এটা খুব ব্যয়সাধ্য ব্যাপারও হবে না।

অনেক উদ্বাস্তু জনসাধারণ ইতিমধ্যেই কলিকাতার আশেপাশে ঘর দুয়ার তৈরী করে বাস করছে। সেই সব উদ্বাস্তুদের উপনিবেশ গঠন সহজে হতে পারে গভর্ণমেণ্ট যদি এদিকে একটু সাহায্য করেন।

Addressএ বলা হয়েছে যে তিনটী Technical School বা কারীগরী বিদ্যালয় পশ্চিম বাঙ্গলায় নূতন স্থাপিত হয়েছে। কিন্তু আমার মতে ঘন বসতিপূর্ণ পশ্চিমবঙ্গের পক্ষে ইহা যথেষ্ট নয়, এই ধরণের আরও অনেক স্কুল খোলা উচিত। একটী কথা মনে রাখা উচিত যে এমন ধরণের শিক্ষা দিতে হবে যা নাকি ছাত্রদের ভবিষ্যৎ জীবনে কার্যকরী হয়। যে সকল ছাত্র উত্তীর্ণ হয়ে বেরুবে তারা যেন বর্তমান যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান ও কারখানা আছে সেখানে কাজ পায় এবং কাজের উপযোগী বলে বিবেচিত হয়। পশ্চিমবঙ্গে আরও কারখানা করা উচিত। চিত্তরঞ্জন কারখানার এবং State Busএর সংখ্যা বাড়িয়ে State Transportএ উদ্বাস্তুদের নিযুক্ত করলে কিছুটা সুবিধা হয়। এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

এই কলকাতা থেকে প্রতি বৎসর বহু জাহাজ দেশ-বিদেশে যায়। হাজার হাজার জাহাজী তাতে কাজ করে। পশ্চিমবঙ্গের উদ্বাস্তু যুবসম্প্রদায় যাতে জাহাজের কাজ শিখে নিয়ে সে পথে জীবিকার্জনে অগ্রসর হয় সেদিকে উৎসাহ দিবার জন্য গভর্ণমেণ্টের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। আর একটা মনে রাখা দরকার যে, পূর্ববঙ্গের ঘরবাড়ী ছেড়ে পশ্চিমবঙ্গে যারা আসছে তাদের জন্য সম্পূর্ণ দায়ী গভর্ণমেণ্ট। সুতরাং পশ্চিম বাঙ্গালায় যারা এসে পড়েছে তাদের সঙ্গে Governmentএর উচিত সহানুভূতিপূর্ণ ব্যবহার করা। কিন্তু কিছুদিন পূর্বে ধুবুলিয়া campএ যে ঘটনা ঘটেছে তাহা অত্যন্ত বেদনাদায়ক। এ সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে চাই না,

শিবনাথ বাবু এ সম্বন্ধে বিশেষভাবেই বলেছেন। তবে গভর্ণমেণ্টকে অনুরোধ করছি যেন এই ধরণের ঘটনা আর না ঘটে। এই সম্বন্ধে কেবল একটা departmental enquiry করলেই যথেষ্ট হবে না, একটা বে-সরকারী তদন্ত কমিটি গঠিত হলে ভাল হয়।

আর একটা কথা আমার আছে যে সমস্ত উদ্বাস্তু কলকাতার চারিদিকে জমি দখল করে বাড়ী ঘর করে আছে তাদের সেই সব জমি ও বাড়ী ঘর থেকে উৎখাতের চেষ্টা Government যেন না করেন। তা যদি করেন তবে ফল ভাল হবে না। Addressএ বলা হয়েছে পশ্চিমবঙ্গের খাদ্যাবস্থা ভাল করতে গেলে উৎপাদন বাড়ান দরকার। উৎপাদনের কাজে উৎসাহ দিবার জন্য চাষীদের জমির মালিকানা দেওয়া দরকার। তবে তারা উৎসাহ সহকারে চাষ করবে। গত বৎসর যখন বর্গাদার বিলটা পাশ হয় তখন আমি এ সম্বন্ধে বলেছিলাম যে এ বিলের ধারাতে এমন ব্যবস্থা করা হোক যাতে ভাগচাষীকে জমি থেকে উৎখাত করা চলবে না। এ সম্বন্ধে আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করছি এই আইনটা অচিরে তাঁরা এই মর্ম্মে যেন সংশোধন করেন। এ বিষয়ে কথা বলতে গেলে জমিদারী প্রথা বিলোপের কথা এসে পড়ে। আমাদের কংগ্রেসের নীতিই হচ্ছে জমিদারীপ্রথা বিলোপ করতে হবে। ভারতের অন্যান্য রাজ্য এ সম্বন্ধে অগ্রসর হয়েছেও কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট আজ পর্য্যন্ত কিছু করেছেন বলে মনে হয় না। কিছুদিন আগে দেখেছিলাম সুন্দরবনের ওদিকে এই জমিদারীপ্রথা লোপ ও জমি দখলের ব্যবস্থা করতে গভর্ণমেণ্ট অগ্রসর হয়েছেন। এবং ঐ কাজে ক্ষতিপূরণ বাবদ নাকি গভর্ণমেণ্টের প্রায় ৫০০ কোটী টাকা খরচ হবে। যদি এক সুন্দরবনের জন্যই অতটা খরচ করতে হয় তবে সমস্ত পশ্চিম বাঙ্গালার জমিদারী দখল করতে গেলে গভর্ণমেণ্টের যতটা খরচ করতে হবে তা ভাবলে মনে হয় গভর্ণমেণ্টের দ্বারা জমিদারী প্রথা বিলোপ সম্ভব কখনও হবে না। তাই আবার মনে হয় জমিদারী প্রথা বিলোপের জন্য কাশ্মীরে শেখ আবদুল্লা যে ব্যবস্থা অবলম্বন করেছেন সেইভাবে একটা কিছু আমাদেরও অবলম্বন করতে হবে।

আর একটা সমস্যা, সহর এবং মফঃস্বলে সর্ব্বত্রই জিনিষপত্রের দুর্ম্মূল্যের দরুণ চোরাকারবারই দায়ী। আমরা জানি ঔষধপত্র অনেক সময় ঠিক জিনিষ চাইলে যখন পাওয়া যায় না তখন চোরাকারবারে সেটা খরিদ করা যায়। গভর্ণমেণ্ট বলছেন যে তাঁরা চোরাকারবার দমন করবার চেষ্টা করছেন কিন্তু আমরা দেখি যে কেবল চুনো-পুটিকে ধরা হয় কিন্তু যারা নাকি রাঘব বোয়াল তাদের কিছু করা হয় না। গভর্ণমেণ্ট বলেন আইনের বাধা আছে। কিন্তু যেগুলিতে আইনের বাধা নাই সেগুলো তো করতে পারেন। এইসব দেখে মনে হয় আইন শুধু গরীবের উপর প্রয়োগের জন্য, বড় লোকেরা আইনকে ফাঁকি দিয়েই চলে।

তারপরে শ্রমিক সমস্যা, ১৯৪৭ সালের শ্রমিক নীতি এই ছিল যে Works Committee মারফৎ মালিকপক্ষ সঙ্গে Labour কমিশনারের through দিয়ে বিরোধ মীমাংসার চেষ্টা করতে হবে। এবং তাতে মালিক শ্রমিক উভয়েই থাকবে। এই ব্যবস্থামত কাজ হলে মালিক শ্রমিক উভয়ের পক্ষে মঙ্গল হতো, কিন্তু পশ্চিম বাঙ্গলায় Works Committeeর এখনও পর্য্যন্ত বিশেষ কোন কাজ হয়নি। আমি যে নিয়ম করেছিলাম সে নিয়ম অনুসারে Works Committee হলে গত দুই বৎসরে প্রায় সমস্ত কারখানায়ই Works Committee স্থাপন হতো। কিন্তু এখন পর্য্যন্ত সেই Works Committee সকল কারখানায় স্থাপন সম্ভব হয়নি। যেখানে স্থাপিত হয়েছে সেখানেও গভর্ণমেণ্ট ও মালিকপক্ষ ঠিকমত কাজ করছেন না, ফলে Works Committeeর প্রতি শ্রমিকদের বিশ্বাস কমে এসেছে।

Labour Commissionerএর কথা এখানে যত কম বলা যায় ততই ভাল। তারপরে Tribunal—এই ট্রাইবুন্যাল পাওয়াটাও শ্রমিকদের পক্ষে খুব সহজ নয়। দুইশত পঞ্চাশটি লোকের ছাটাইয়ের বিরুদ্ধে আমরা একটা Tribunal পাওয়ার চেষ্টা করেছি কিন্তু আজ পর্য্যন্তও সে ট্রাইবন্যাল পাওয়া সম্ভব হয়নি।

তারপর ২৭শে সেপ্টেম্বরের হরতাল, B.P.T.U.C. শ্রমিকদের পক্ষ থেকে যে দাবীগুলি তোলা হয়েছিল সরকারের পক্ষ থেকে তার অনেকগুলিই মেনে নেওয়া হয়েছে। ফলে B.P.T.U.C. হরতাল প্রত্যাহার করে। B.P.T.U.C. আর হরতাল করবে না। আমি বাঙ্গলায় Tribunal করেছি। শুনতে পাচ্ছি ট্রাইবুন্যালে যত সংখ্যক বেঞ্চার ছিল তা কমিয়ে তিনে দাঁড় করান হচ্ছে, এত কম লোক দ্বারা এতগুলি মামলার বিচার সম্ভব নয়। কাজেই এই ট্রাইবুন্যালে আরও লোকসংখ্যা নিযুক্ত করা আবশ্যক। কয়লার খনিতে ও অন্যান্য কলকারখানার যে সমস্ত শ্রমিক সারাজীবন ধরে কাজ করে তাদের দুরবস্থার কথা আমরা সকলে জানি। আমাদের বাংলা দেশে তারা এ পর্য্যন্ত কোন কর্ম্মস্থান লাভ করতে পারেনি। শ্রমিকদের বাসস্থানের যে রকম অবস্থা সে কথা বলাই

অনাবশ্যক। ১৯৪৭ সালে গভর্ণমেণ্টের তরফ থেকে শ্রমিকদের জন্য গৃহ নির্মাণ ও অন্যান্য যে সকল প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেই অনুসারে কাজ এ পর্য্যন্ত হয় নাই। পশ্চিম বাংলা গভর্ণমেণ্ট আমাকে তাঁদের প্রতিনিধি হিসাবে কয়লার খনিতে পাঠান, আমি সেখানে দেখেছি, যে প্রতি টন কয়লার জন্য দুই আনা করে একটা cess আছে। ঠিক সেইরকম জুটকলসমূহেও একটা নির্দ্দিষ্ট পরিমান levy বসান উচিত। এই প্রস্তাব আমি জুট কলের মালিকদের কাছে করি, এবং তাতে তারা অনেকটা রাজীও হয়েছিল। কিন্তু আমার মন্ত্রিত্বের পর বিধি মন্ত্রী হয়েছেন. তিনি এ বিষয়ে কোন মনোযোগ দিয়েছেন বলে আমার মনে হয় না।

সকলের একথা জানা আছে যে কলিকাতার বুকে বস্তী একটা কলঙ্কস্বরূপ। কলিকাতার বস্তী আন্দোলনের ফলে গভর্ণমেণ্ট thika tenancy Act প্রণয়ন করেন। তার ফলে অবশ্য ঠিকা প্রজার অনেকটা লাভ হয়েছে, কিন্তু এখন পর্য্যন্ত পুরাপুরিভাবে বস্তীর মালিকদের অত্যাচার বন্ধ হয়নি। এ সম্বন্ধে গভর্ণমেণ্টের কাছে বহু পত্র লিখেছিলাম। আবার আমি এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি, এবং অনুরোধ করছি যে এই ঠিকা প্রজ সম্বন্ধে যেন ভাল আইন করা হয়। তারপর আর একটা কথা বস্তী উন্নয়ন করা দরকার। এটা অবশ্য সহজ-সাধ্য কাজ নয়, অত্যন্ত দুরূহ কাজ, তবুও এ কাজ করতে হবে। যত শীঘ্র এ কাজ আরম্ভ করা যায় ততই শ্রেয়, এবং এ কাজ আরম্ভ করলেই লোকের আস্থা ও শ্রদ্ধা ফিরে আসবে। কিন্তু যোটেই এ বিষয় কিছু করা হচ্ছে না--এটা বড়ই দুঃখের বিষয়।

কিছুদিন হ'ল গভর্ণমেণ্ট কলিকাতা কর্পোরেশনের শাসন ব্যবস্থা নিজ হাতে নিয়েছেন এবং একজন Administrator নিযুক্ত করেছেন। পূর্ব্বে যখন ওয়ার্ড কাউন্সিলার ছিল তখন বিভিন্ন পল্লীর কাউন্সিলরের কাছে নিজেদের দুঃখ-দুর্দ্দশা ও অভাব-অভিযোগ সেখানকার অধিবাসীরা জানাতে পারত। কিন্তু এখন অভাব-অভিযোগ জানাতে এই Administratorএর কাছে যাওয়া সাধারণ লোকের পক্ষে দুরূহ ব্যাপার। তাই তাদের কথা কেউ শুনে না, এবং তাদের দুঃখ-দুর্দ্দশার কোন প্রতিকার হয় না। সেখানে ঘুষের রাজত্ব চলেছে কেউ যদি কারও নামে কিছু অভিযোগ করে তাহ'লে তার চাকরী যায়। আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করছি সত্বর কলিকাতা কর্পোরেশনের নির্ব্বাচন ব্যবস্থা করা হোক। বারে বারে এ বিষয় উত্থাপন করা কলঙ্কের কথা। সেইরকম মালদহ, নদীয়া, ২৪-পরগণা প্রভৃতি বিভিন্ন জেলা বোর্ডে গত তিন বছরের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করা সম্ভব হ'ল না, একথা মোটেই বিশ্বাসযোগ্য নয়। আমি পুনরায় গভর্ণমেণ্টকে অনুরোধ করছি এই সমস্ত জেলা বোর্ডে যত শীঘ্র সম্ভব নির্বাচনের ব্যবস্থা করা হোক।

Janab MAHAMMAD SAYEED MIA: Mr Speaker, Sir, His Excellency the Governor of West Bengal delivered a very excellent speech in the Assembly House on Monday last and dealt briefly with all burning questions of the day including the most vital one, viz., the refugee problem. But I regret to say that he had made no mention of the difficulties and harassment which the Muslim refugees are undergoing due to the delay in the due implementation of the Delhi Agreement with regard to their speedy rehabilitation and restoration of their houses and lands and properties which they left behind during the extremely abnormal period of the last communal disturbance. In spite of their utmost efforts the Muslim refugee workers have not got back their jobs in the industrial areas. Many Muslim villagers came back after a few days with their families to their villages but they were not allowed to enter their houses and after staying for some time under the trees or in the houses of their relatives in the distant villages they had to go away for unkown destination. Hundreds of applications have since been filed by them, and many a time they approached the district authorities, but they have not been restored to their houses and lands. The season for cultivating the rabi crops, boro paddy and other crops is fast approaching and they have again applied to the district authorities to return to them their houses and lands, and if no action is taken immediately to rehabilitate them the whole cultivable area will be lying fallow and barren making their situation more deplorable and the existing food problem more acute and critical.

It is most regrettable and unfortunate that the failure of the local authorities to tackle carefully the situation created by the influx of East

Bengal refugees and to handle them tactfully has caused the Muslim minority to undergo untold miseries and sufferings. Even after the Delhi agreement reports have been received that in some places the lands and houses of the Muslim villagers have been forcibly taken possession and their paddy and jute cut away by the unruly and unchecked section of the East Bengal refugees.

Sir, the refugee rehabilitation problem concerns the life and death of the millions and requires immediate and urgent solution.

Sj. SATISH CHANDRA ROY SINGH SARKER: Mr. Speaker, Sir, at the very outset let me thank His Excellency for his excellent speech of the 25th September last delivered in this House. He has kindly referred to the calamities of Assam. This morning brought a vivid description of the devastation of the earthquake from the mouth of His Excellency the Governor of Assam, and thinking of Assam's afflictions in these days, none can remain unmoved on the afflictions that befell the people of Assam. His Excellency has earned our thanks by timely referring to the calamities at the very outset of his speech and has given expression to his sincere thought and words of warm sympathy for this afflicted humanity in most touching words. He said "we are bound to our brethren of Assam by near ties of blood and long-standing close association and whatever affects them touches us deeply. We share their joys and sorrows". He has not only expressed himself but really he has expressed the very hearts of ours too. We thank him for this. He has invited our assistance in men, money and material. We assure him that these will not be wanting.

Out of 12 pages of his address His Excellency has taken 6 pages to deal with the refugee problems and their rehabilitation, their monetary help, their education and medical help and has troubled to give certain statistical figures. This refugee rehabilitation problem is uppermost in his mind as in ours and he has tried to focus the activities of his Government in the solution of these burning problems of the day, and we thank him for this. His statement shows how his Government are struggling their utmost for the rehabilitation of the refugees and have exhausted all State khas lands in settling the refugees. Even some private land had been acquired for the purpose. Now they call upon the Union Board to help them. But will that be much? Out of 40 lakh refugees only 11 lakhs have been rehabilitated. In the language of His Excellency "there are still many waiting in great distress to have opportunity of settling themselves in West Bengal". What can be done now? My humble suggestion would be: Government have got vast area of forest land. Some of these forest areas may easily be settled with the refugees. For example in Jalpaiguri Lataguri forests stand on very nice plane in the middle of villages. This area may be turned arable and settled with the refugees. Attention of the Hon'ble Minister-in-charge of the Forest Department may be drawn to the possibility of releasing the forest for human habitation. His wolves and hyanas earn nothing for him. There is a further possibility of rehabilitation of the refugees in tea garden areas. Vast pieces of large area of land are lying fallow. I don't know if these are private lands and if Government can settle these lands with the refugees.

His Excellency has drawn our attention to the present food situation. He is distressed but we are more. We are in the grip of acute starvation. We in Cooch Behar are facing acute starvation. Rice is selling at Rs. 50 to Rs. 55 per maund. Paddy is not coming to the market. If it comes at all, the quantity is very small and the price is as high as Rs. 28 per maund. Our Food Minister whom I thank for his recent activities, has kindly raised the rate of rationing and also arranged to supply paddy in the mafassal at

the rate of 2 seers per head per week, but this has not earned the desired result. The price fell by Rs. 2 per maund for a week, but it again soared up to Rs. 28 per maund. There is reason for this. About 30,000 Muslim evacuees returned to this land—starving and ill-nourished. This brought fresh pressure upon the already short granery of the Government. It is most unfortunate that at the very beginning of merger of Cooch Behar in West Bengal, the people had to face this acute scarcity for no fault of theirs. Cooch Behar was self-sufficient in food. I would appeal to Government to send immediate supply of foodgrains and rescue the struggling humanity.

The refugee problem there too is not very hopeful. About two-thirds of the refugees that are settled there are agriculturists. It is a pity that those distressed people were not supplied with plough cattle in time and they could not cultivate the land. Many of them due to frustration and disappointment have gone back to their home land in Pakistan. I appeal to Government to give all possible help to them.

I now come to the border disturbances. There have been many border disturbances. Very recently in Cooch Behar east border the Pakistani mob attended with a body of armed force crossed the border of the State and raided the adjoining village. Three valuable Hindu refugee lives were lost. Our border guard and police could not render any help though they were posted at a very short distance. And for what reason? One reason that can be ascribed is the want of good communication roads. They could not move for want of boundary roads. Each night the Pakistanis are stealing away cattle from the border. People have become panicky and are vacating the border lands. Unless new communicating roads are constructed immediately and the existing roads are thoroughly repaired the situation will soon go out of hand. I would therefore humbly pray for immediate construction of boundary roads to save the poor villagers on the border line.

Sir, first of all, I thank my friend Mr. Bimal Comar Ghose for drawing attention to the fact that in many cases the Secretariat has not been able to send the papers as provided for under the regulations. I offer my apologies to the members of the Assembly for this non-observance of the rules, but in many cases what has happened is that we have got to take up legislation either at the direction of the Government of India or because of a finding of the High Court of Calcutta. And therefore we do not get sufficient time always to prepare our scheme and yet in these changing times it is not possible always to wait for the next session of the legislature before putting Bills in. In other cases what has happened is that there is a good deal of delay between the time that the policy has been accepted with regard to a particular measure by the Government and the Legislative Department putting it in a proper legislative shape. In many cases we have to refer the matter to the Advocate-General. We have put it in the Constitution where there is a section, and it often happens that one word or one comma or semi-colon is objected to by the Legislative Department in view of the provisions of the Constitution and therefore there is delay. In any case, I have warned the Secretariat that in future such dereliction would not be tolerated.

In the next place Mr. Ghose has referred to two Bills—one being the Bengal Finance Sales Tax Bill about which you have given your ruling. With regard to the West Bengal Premises Rent Control Bill we have decided with your permission to postpone the consideration of this until the 4th of October. I hope this will give my friends time to consider its provisions although when it comes for actual consideration they will find that it has only a reference to a judgment of the High Court. However, it is one of those subjects in which people are interested. Therefore I would suggest with your permission that item 3 for the 29th be postponed till the 4th of October if the House agrees to it.

Sir, I have got to make another submission, and that is that a large number of our friends have found it difficult to have a meeting on the 30th September. If you will allow and if members will agree, I would suggest that all the items for 30th September may be taken over to the 4th of October, because on the 4th and 5th I find several of the Bills that have been mentioned are not yet ready as objections have been taken to some of them by the Government of India. Therefore, there will be sufficient

time on the 4th and the 5th. If necessary, we can go up to the 6th. My friends have asked me to put before you that the meeting fixed for the 30th September may be postponed, particularly because a large number of members will like to greet the new Congress President. If the House will allow and if you will permit, you may give your ruling.

SJ. BIMAL COMAR GHOSE: As regards 30th September, Sir, we are thankful to the Chief Minister for suggesting that there should be no meeting on that date. But, Sir, it is the usual custom of this House not to sit on Saturdays except during the budget session. But from what the Chief Minister said it appears that it is the usual practice to sit on Saturdays. I hope you will agree with me that it is not the usual practice of this House to sit on Saturdays except during the budget session and that we may not be required to sit on Saturdays in future unless it be during the budget session.

Now, Sir, just one word about notices. What I suggested was to observe the rules. We appreciate the difficulties of Government but since the rules are there they apply to all of us. The Assembly rules provide certain things and they should be observed. That was the submission I made yesterday.

Mr. SPEAKER: With regard to the suggestion of the Hon'ble the Chief Minister that there will be no meeting on the 30th, the agenda for the 30th will be taken out from the paper. With regard to the Rent Bill the Hon'ble the Chief Minister has agreed to postpone it till the 4th October. I hope the honourable members will get sufficient time to table their amendments.

SJ. BIMAL COMAR GHOSE: Will you fix the time till tomorrow for the amendments?

Mr. SPEAKER: No. I shall extend the time. With regard to the customary practice suggested by Mr. Ghose not to have a sitting on a Saturday, here only a mention has been made of this Saturday for which a programme had been fixed. That does not mean that we have changed our usual procedure. I also appreciate the difficulties of Government with regard to the shortness of time available to them. That has been the reason why I have always tried to accommodate them and to permit short-notice amendments being accepted by me. I thank the Hon'ble the Chief Minister for the assurance that he has given that the rules will be observed as far as possible in future and that at least reasonable time will be given for the consideration of the measures that are brought to the legislature. I for myself can assure the House that I do not desire to put any impediment to the smooth passage of the business of the House but it must be done with due regard to the convenience of members and with due consideration of the matters before the House.

Now the debate will continue.

Amendments to the motion of address in reply to Governor's Speech.

The Hon'ble KALIPADA MUKHERJEE: মাননীয় স্পীকার মহোদয়, মহামান্য রাজ্যপাল মহাশয় তার সুচিন্তিত প্রাঞ্জল অভিভাষণের মধ্য দিয়ে দেশের সম্মুখে যে সকল মূল সমস্যা আজ দেখা দিয়েছে সেই সকল সমস্যা সমাধানের উদ্দেশ্যে তিনি জনসাধারণের কাছে সহযোগিতার জন্য আকুল আবেদন জানিয়েছেন। তাই এই পরিষদ তথা জনসাধারণ তার এই অভিভাষণের জন্য তার কাছে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানায়। তার অভিভাষণের মধ্য দিয়ে সমবেদনা ও সহানুভূতির সুর ধ্বনিত হয়েছে আসামের দুঃস্থ অধিবাসিদের জন্য। দেশের মধ্যে নানা প্রাকৃতিক দুর্যোগ, সামাজিক দুর্ভোগ এবং ব্যবহারিক জীবনের দুর্নীতির জন্য যারা নানাভাবে পিষ্ট ও

সৃষ্টি হচ্ছে, তাদের সকলের কাছে তার সমবেদনার বাণী তিনি পৌঁছে দিয়েছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় আজ আমাদের এই পরিষদের বিরোধী দলের কয়েকজন মাননীয় সদস্য বন্ধু তাঁর এই সুচিন্তিত অভিভাষণের প্রতি কটাক্ষপাত করতে কুণ্ঠাবোধ করেন নি। তিনি ভারত-পাকিস্থান চুক্তিকে অবলম্বন করে যে সুদীর্ঘ অভিভাষণ দিয়েছেন তাতে তিনি সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি তার সহানুভূতি প্রকাশ করেছেন। কিন্তু দুঃখের বিষয়, ক্ষোভের বিষয়—বিরোধী দলের মাননীয় সদস্য বদরুদ্দুজা সাহেব তার প্রতি কটাক্ষপাত করেছেন—এমন কি কটূক্তি করতেও কার্পণ্য করেন নি। আজ প্রয়োজন অতীতের কথা বিস্মৃত হয়ে নূতন সুস্থ পরিবেশের সৃষ্টি করা, সংখ্যালঘু সম্প্রদায় সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের সঙ্গে সমানভাবে এই স্বাধীন রাষ্ট্রে স্বাধীন নাগরিকের সকল সুযোগ ও সুবিধা সম্ভোগ করতে পারবে। কিন্তু বড়ই পরিতাপের বিষয় যে তাঁর সেই ওজস্বিনী বক্তৃতার মধ্য দিয়ে যতটা উচ্চাস, উদ্দীপনা দেখি, আলাময়ী ভাষার মাধ্যমে প্রকাশিত ভাবপ্রবণতা দেখি, ততটা সমবেদনা ও সহানুভূতির পরিচয় পাই না; সেখানে সত্যিকার জাতীয়তাবাদের ভিত্তির উপর প্রতিষ্ঠিত, মানুষের সমান অধিকারবাদের উপর প্রতিষ্ঠিত যে নাগরিক সত্তা ও বিশিষ্ট দায়িত্ব, সেই দায়িত্ববোধের কোন অভিব্যক্তি পাই না। বদরুদ্দুজা সাহেব এখানে উপস্থিত নেই, তার কাছে আমি নিবেদন করতে চাই—আজ সংখ্যালঘু ও সংখ্যাগরিষ্ঠের প্রশ্ন নয়—যে ঘটনা ঘটে গেছে তার জন্য সকলেই দুঃখিত ও অনুতপ্ত। আমাদের সামাজিক দুর্ভোগ যে কারণেই ঘটুক না কেন—এবং রাজনীতিক, সাম্প্রদায়িক ঘটনার প্রতিঘাত ও প্রতিক্রিয়া যাহাই হোক না কেন—অতীতের সে সব দুঃস্বপ্ন ভুলে গিয়ে নূতন সুস্থ মনোবৃত্তি নিয়ে, কংগ্রেসের আদর্শের উপর প্রতিষ্ঠিত, মানবতার উপর প্রতিষ্ঠিত যে পরিবেশ এবং আবহাওয়া সেই আবহাওয়া যাতে সৃষ্টি হয়, সকলেরই সেই দিকে দৃষ্টি দেওয়া উচিত। আমি বিশ্বাস করি, আশা করি আমাদের বিরোধী দলের মাননীয় সদস্যরা—যাদের কাছে সহযোগিতার কর সম্প্রসারিত করা হয়েছে—তারা সেই সহযোগিতা দ্বারা দেশে নূতন সমাজ, নূতন পরিবেশ গড়ে তুলবেন। আজ সাম্প্রদায়িক বিষ উদ্গারের সময় নয়—দেশ এই বিষে জর্জরিত। এর প্রতিক্রিয়া থেকে যদি দেশকে, সমাজকে মুক্ত রাখতে চান—ভগবানের কাছে এই প্রার্থনা করি—আমাদের যেন তিনি সুবুদ্ধি দেন এবং সেই সুবুদ্ধি প্রণোদিত হয়ে আমরা এমন পরিবেশের সৃষ্টি করি যেখানে সংখ্যালঘু, সংখ্যাগুরু বলে কোন ভেদ থাকবে না—কোন পার্থক্য থাকবে না—সকল সুযোগ ও সুবিধা তারা সমানভাবে ভোগ করতে পারবে এই আদর্শ ও নীতি কংগ্রেস শিক্ষা দিয়েছে এবং সেই নীতি ও আদর্শ প্রবাবকাল নাসিক কংগ্রেসেও গৃহীত হয়েছে। সংখ্যালঘিষ্ঠদের নিরাপত্তার দায়িত্ব সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় এবং রাষ্ট্রের উপর নাস্ত রয়েছে। কিন্তু তাদের নিজেদের সহযোগিতার প্রয়োজন। আজ যদি এমন পরিবেশের সৃষ্টি করা হয় যেখানে অতীত বর্বরতার তিক্ত কাহিনী সাম্প্রদায়িকতার কলঙ্ক কালিমায় কলুষিত কাহিনীর পুনরাবৃত্তি করা হয়, তাহলে যে পরিবেশের সৃষ্টির প্রয়োজন সেই পরিবেশ সৃষ্ট হবে না।

মাননীয় স্পীকার মহোদয়, আজ দিল্লী চুক্তি অবলম্বনে যে সুষ্ঠু অভিভাষণ রাজ্যপাল মহোদয় দিয়েছেন, সে, সম্বন্ধে আর আলোচনা করতে আমি ইচ্ছা করি না। সে সম্বন্ধে বিশদভাবে যা বর্ণনা করবার এবং রাষ্ট্রের তরফ থেকে যে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, সংখ্যালঘিষ্ঠ ভাইদের প্রতি, তাদের নিরাপত্তা রক্ষার দিকে যে সব প্রতিবিধান করা হয়েছে, আমাদের শ্রদ্ধেয় নেতা, মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়, সে বিষয়ে বিশদ আলোচনা করবেন।

আমি আমার বক্তব্যের মধ্য দিয়ে, গভর্ণমেণ্টের শ্রমনীতি ও শ্রমসমস্যা সম্বন্ধে দুই একটি কথা নিবেদন করতে চাই। শ্রমিক নীতি এবং শ্রমিক সমস্যা বিশ্লেষণ করতে গিয়ে আমি আমার শ্রদ্ধেয় বন্ধু ডাক্তার সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, শ্রমিক নীতি, সেই নীতি, আজও অব্যাহত রয়েছে, যে নীতি তিনি প্রবর্তন করে গিয়েছিলেন। সেই নীতিতে আজও কার্য পরিচালিত হচ্ছে। শ্রমিক আন্দোলন আমাদের দেশে এখনও শিশু অবস্থায় রয়েছে। কাজেই এর নানা প্রতিবন্ধক ও প্রতিকূল আবহাওয়া রয়েছে, একথা সত্য। কিন্তু আমি তাকে এটা স্মরণ করিয়ে দিতে চাই, তাঁর সময়ে যে নীতি প্রবর্তিত হয়েছিল অর্থাৎ শ্রমিক ও মালিকদের মধ্যে যে বিভেদ আত্মপ্রকাশ করলে, সে সঙ্ঘর্ষ, সালিশীর মধ্য দিয়ে, conciliation এর মধ্য দিয়ে মীমাংসা করবার যে নীতি তিনি গ্রহণ করেছিলেন, সে নীতি আজও অটুট আছে, এবং একথাও তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে তিনি যখন এই শ্রমবিভাগের মন্ত্রী ছিলেন, তখন দেশে কয়েকটি Tribunal তিনি প্রবর্তন করেছিলেন, সে Tribunal নিয়োগের নীতি আজও অব্যাহত রয়েছে। তাঁর সময়, অর্থাৎ যতদিন তিনি মন্ত্রী ছিলেন, তখন যে কয়টি Tribunal দিয়েছিলেন, তার সংখ্যা কত? ১৯৪৭ সালে ৬৬টি Tribunal মাত্র নিযুক্ত হয়েছিল। ১৯৪৮ সালে ১৯২টি Tribunal নিযুক্ত হয়েছে। (Sj. SIBNATH BANERJEE: ২০০টি বলুন না কেন?) ১৯৫০ সালে এ পর্যন্ত ১২৮টি Tribunal প্রতিষ্ঠিত হয়েছে। আর একটা কথা এ সম্বন্ধে আমি বলতে চাই, শ্রমিক ও মালিকদের মধ্যে বিরোধ আত্মপ্রকাশ করলে conciliationএর

মধ্য দিয়ে, সালিশীর মধ্য দিয়ে, collective bargainings এর মধ্য দিয়ে বিরোধ মীমাংসার যে নীতি সে নীতি আজ আন্তর্জাতিক সমাজে গৃহীত নীতি। কিন্তু আমাদের দেশে যখন সে নীতিতে বিরোধ মীমাংসা সম্ভবপর হয় নি, তখনই Tribunal নিয়োগের ব্যবস্থা হয়েছে। ১৯৪৭ সালে যখন Industrial Disputes Actএর প্রবর্তন হয়, আমাদের দেশে উৎপাদন যাতে ব্যাহত না হয়, সেই উদ্দেশ্যে ধর্মঘট বা Lock-outএর বিশেষ প্রয়োগ না হয়, সেজন্য তখন একটা ত্রিদলীয় বা Tripartite Conference হয়েছিল। এবং তাতে যে নীতি গৃহীত হয়েছিল, সেই নীতি রূপায়িত হয়েছে, বাংলা সরকারের শ্রমিক নীতির মধ্য দিয়ে। এখানে Tribunalএর কথাই আগেই বললাম, তা'ছাড়া আছে Works Committeeর প্রবর্তন। Works Committeeর মধ্যে মালিক এবং শ্রমিকদের সমসংখ্যক প্রতিনিধি থাকেন। তাঁরা তাদের দৈনন্দিন জীবন-যাত্রার মধ্যে যে সমস্ত ছোটখাট বিরোধের ভাব বা সঙ্ঘর্ষ দেখা দেয়, সেইটা মিটাবার জন্য Works Committee কাজ করে। এই উদ্দেশ্যেই Works Committeeর প্রবর্তন হয়েছে, Works Committeeর সমস্ত আইন-কানুন ও বিধি-ব্যবস্থা, ডাক্তার সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রবর্তন করেছিলে, কিন্তু সত্যিকারের সেই Works Committee গঠন করবার সুযোগ তিনি পান নি। (Dr. SURESH CHANDRA BANERJI: ২১২টা Works Committee গড়া হয়েছিল।) এই ২১২টা Works Committeeর কথা তিনি যে report থেকে দেখেছেন, তাতে তিনি এটাও দেখবেন যে তখন তার নীতি মাত্র তিনি গ্রহণ করেছিলেন, সে নীতিকে রূপ দেবার সুযোগ তিনি পান নি। তারপরে, বাঙ্গলা দেশে ২৪২টি Works Cemmittee প্রবর্তিত হয়েছে। শ্রমিক ও মালিকদের মধ্যে পরস্পরের একটা আলোচনা দ্বারা দৈনন্দিন সুখ-সুবিধা ও অসুবিধার বোঝাপড়ার মধ্য দিয়ে যদি একটা মীমাংসার পরিণতি হতে পারে, তার চেয়ে আনন্দের কথা কিছু আর নাই। কিন্তু যখন সেটা সম্ভবপর হয় না, তখন তাদের যেতে হয় সালিশীর কাছে। এবং আপনাদের অবগতির জন্য আমি নিবেদন করতে চাই যে ১৯৪৯ সালে ১,৮৮৯টি শ্রমিক ও মালিকের বিরোধ ঐ সালিশীর মারফৎ, conciliation machineryর মারফৎ, নিষ্পত্তি হয়েছে। যেগুলি তাদের দ্বারা নিষ্পত্তি হয় নি, সেগুলি Tribunalএ দেওয়া হয়েছিল, তাছাড়া Tribunalএর রায় দেওয়ার পর সেই Tribunalএর রায় সম্বন্ধে যখন কোন কোন মালিক কার্যকরী ব্যবস্থা অবলম্বন না করতে চান, তখন তাদের অভিযুক্ত করা হয়। শ্রদ্ধেয় শিবনাথবাবু বলেছেন—জানি না সত্যই তিনি না জেনে বলেছেন, না জ্ঞান-পাপী হয়ে বলেছেন,—"বাঙ্গলা দেশের মালিকেরা যেন বাই উন্মাদিনী। তাদের একজনেরও সাজা দেবার বা অভিযুক্ত করবার ব্যবস্থা হয় নি"। (Sj. SIBNATH BANERJEE: আমি একথা বলি নি, উনি মিথ্যা কথা বলছেন।) আপনি সেদিন বলেছিলেন,—(Sj. SIBNATH BANERJEE: Do not tell an untruth.)

Mr. SPEAKER: Order, order: Mr. Banerjee, I appreciate your explanation.

Sj. SIBNATH BANERJEE : I have not made that statement.

The Hon'ble KALIPADA MOOKERJEE: The Assembly record will show that.

Sj. SIBNATH BANERJEE : Exactly.

The Hon'ble KALIPADA MOOKERJEE: All right.

Sj. SIBNATH BANERJEE : (Pointing to some paper in his hand.) There is the official record taken by the Assembly Department. Now it is for the Hon'ble Minister to show that the statement I am alleged to make was really made by me.

The Hon'ble KALIPADA MOOKERJEE: আমরা এখানে তেরটি ক্ষেত্রে মালিককে অভিযুক্ত করেছি এবং তাদের অনেকের সাজাও হয়েছে। Punishment ঘটেছে। এবং এই সঙ্গে আমি আর একটা কথা বলবো,—আমাদের এখানে শ্রমিকেরা কখনও কখনও—বেআইনী ধর্মঘটে ব্যাপৃত হয়। কিন্তু সেই

লোহাইনী ধর্মঘটে ব্যাপৃত হবার জন্য সরকারের তরফ থেকে কখনও তারা অভিযুক্ত হয় নি। এ ছাড়া মাননীয় শিব-নাথবাবু তাঁর ভাষণে, সেদিন শ্রম বিভাগের প্রতি কটাক্ষ করে বলেছিলেন, সরকারের কোন শ্রমনীতি নাই, শ্রমিক-কল্যাণ রাষ্ট্রের কাম্য নয়। আমি তাঁকে খুব বিনীতভাবে নিবেদন করবো, তিনি শ্রমিকদের দরদী বন্ধু; শ্রমিক-কল্যাণে বহুদিন যাবৎ আত্মনিয়োগ করে আসছেন, এখন যদি শ্রমিকসংহতি রক্ষাকল্পে নিজেকে নিয়োজিত করেন তাহলে দেশের এবং জাতির কল্যাণ সাধিত হবে। কিন্তু দুঃখের বিষয় তাঁর উপর ন্যস্ত যে সমস্ত Trade Union রয়েছে,—বাঙ্গলা দেশের ৬৫টির কর্ণধার তিনি। আপনারা হয়ত অবগত আছেন, Trade Union Actএর একটা বাধ্যতামূলক ধারা আছে, যাতে ৩০শে জুনের মধ্যে Trade Unionএর report তার হিসাব-নিকাশসহ দাখিল করতে হয় সরকারের কাছে; কিন্তু দুঃখের বিষয় তিনি এই ৬৫টি Trade Unionএর মধ্যে মাত্র একটির হিসাব-নিকাশ দাখিল করেছেন এবং গত বৎসরে এইভাবে হিসাব-নিকাশ না করার জন্য তার ১২টি Trade Union খারিজ হয়ে গেছে। এ বছরেও ৩২টি Trade Unionএর জন্য তার কাছে কৈফিয়ৎ তলব করা হয়েছে এবং দুই মাসের সময় দেওয়া হয়েছে। যদি সেই সময়ের মধ্যে report ও হিসাব-নিকাশ দাখিল করতে না পারেন, তাহলে সেগুলির registration নাকচ হয়ে যাবে। আমি বিনীতভাবে বলবো, যারা শ্রমিক বন্ধু, শ্রমিকদের কল্যাণ ও সংহতির জন্য যারা আত্মনিয়োগ করেছেন, কেন জানি না, দেশের এই দুর্দিনে শ্রমিক সংগঠনের যখন একান্ত প্রয়োজন, তখন তাঁরা অনেক সময় শ্রমিকদের ধর্মঘটের পথ দেখান। শ্রমিক নেতাদের সম্বন্ধে বলতে গিয়ে আমি বলতে চাই, যে এর মধ্যে কংগ্রেস আদর্শে পুষ্ট যারা, তারা শ্রমিক ধর্মঘট করতে গিয়ে যখন বুঝতে পারেন যে, কল্যাণ সাধিত হয় না তখন তারা সেটা প্রত্যাহার করবার সংসাহস দেখিয়েছেন, এবং ধন্যবাদ অর্জন করেছেন জাতির ও শ্রমিক সংসারে।

তাঁরা মনে করেন ধর্মঘটের মধ্য দিয়ে তাদের কল্যাণ সাধিত হয় না। তাঁদের সে সংসাহস আছে, তারা সেই ধর্মঘট প্রত্যাহার করবার সংসাহস দেখিয়ে ধন্যবাদ অর্জন করেছেন সমগ্র জাতির ও শ্রমিক সংসার। কিন্তু অন্যান্য ক্ষেত্রে যারা সর্বাত্মক ধর্মঘটের হুমকি দিয়ে জাতির উৎপাদনের পথকে অবরুদ্ধ করতে চান, জাতির স্বাবলীল গতিকে ব্যাহত করতে চান, তাঁদের আমি এই কথাই বলতে চাই যে শ্রমিকদের কল্যাণ এক কথা এবং শ্রমিকদের কল্যাণের নামে নিজেদের ব্যক্তিগত বা দলগত রাজনৈতিক পুনর্বাসনের প্রয়াণ শ্রমিকদের কল্যাণ নয়। আজ শ্রমিকরা সংঘবদ্ধ হয়েছে, তারা নিজেদের কল্যাণের পথকে বরণ করে নিতে পেরেছে। আমি বিশ্বাস করি শ্রমিকদের প্রতিষ্ঠান,—যাঁরা নিজেদের মাথার ঘাম পায় ফেলে রুটি রোজগার করেন—তাঁরা ক্ষেতেই কাজ করেন বা কলকারখানায় কাজ করেন, তাঁরা জাতির শ্বাস রক্ষক, তাঁরা জাতির মেরুদণ্ড। তাঁদের অগ্রগমন হবে ভারতের অগ্রগমনের ইতিহাস। সেই অগ্রগমনের ইতিহাস যাঁরা সত্যিকার শ্রমিক কল্যাণের পথে প্রতিষ্ঠিত করবেন না, শ্রমিকদের নামে নিজেদের দল বা নিজেদের স্বার্থকে চরিতার্থ করবার জন্য তাদের সেই রাজনৈতিক পুনর্বাসনের খেলা খেলবেন বা আসন্ন নির্বাচনের দিকে দৃষ্টি রেখে শ্রমিকদের তাঁদের দলাবোড়ের বোড়ে হিসেবে ব্যবহার করতে চাইবেন, আজ, সংঘবদ্ধ শ্রমিক তাদের কখনোই বরদাস্ত করবে না। ১২ তারিখে যে হরতাল ঘোষিত হয়েছিল, তাতে তারা সেটা দেখিয়ে দিয়েছে।

মহামান্য রাজ্যপাল মহাশয় তাঁর অভিভাষণে যে সর্বাত্মক ধর্মঘটের কথা ইঙ্গিত করেছিলেন, কোন কোন পক্ষ থেকে সে বিষয়ে প্রশ্ন উত্থাপিত হয়েছিল। সারা বাংলার সম্মুখে যারা শ্রমিকদের ১২ই তারিখের হরতালের যে আস্ফালন ও হুমকি দিয়েছিলেন সেটা কার্যে পরিণত হয় নি। শ্রমিকদের সম্পর্কে তাদের নিজেদের স্বার্থ ও জাতির বৃহত্তর কল্যানের দিকে দৃষ্টি রেখে যাঁরা সেই হরতালকে ব্যাহত করেছেন, তাকে কার্যে পরিণত করেন নাই,—তাঁরা প্রকৃতই জাতির শ্রদ্ধা অর্জন করেছেন।

সরকারের শ্রমিক ও শ্রমনীতি সম্বন্ধে আমি দু'একটী কথা বলেছি। আজকে আর একটী প্রশ্ন উঠেছে। এখানে যে সমস্ত বাস্তুহারা ভাইরা এসেছেন, আমি বাস্তুহারারা কোন্ ধর্মমত ও কোন্ সম্প্রদায়ের লোক তা বলি না, আজকে যারা নিজেদের পিতৃপিতামহের বাসভূমি পরিত্যাগ করতে বাধ্য হয়েছে, ঘটনাস্রোতের ফলেই হোক্ আজকে যাঁরা গৃহহীন হয়ে বাংলার দুয়ারে এসেছেন, তিনি হিন্দুই হোন্ বা মুসলমান হোন্ সেই বাস্তুত্যাগী ভাইদের পুনর্বাসনের সমস্যাই আজ বাংলার প্রধান ও প্রথম সমস্যা। সেই পুনর্বাসন সমস্যাকে স্বার্থক করতে হলে প্রথম তাদের বেকার সমস্যা সমাধানের প্রয়োজন। তাদের অর্থনৈতিক পুনর্বাসন যদি সম্ভবপর না হয়, তাহলে পুনর্বাসনের কোন প্রয়াসই সার্থে রূপায়িত হবে না। তাই আজকে এই গভর্নমেণ্টের তরফ থেকে সমস্ত প্রতিষ্ঠান—ইণ্ডিনিয়ারিং প্রতিষ্ঠান টেক্ট ইণ্ডাষ্ট্রীজ এবং অন্যান্য সকল ইণ্ডাষ্ট্রীজ যা আছে, তাদের সকলের কাছে নিবেদন করি—আগেই তাঁদের এই নির্দেশ দেওয়া হয়েছিল যে তাঁরা যেন—যারা বাস্তুহারা এবং মুসলমান ভাইরা, যারা ঘটনাস্রোতের ফলে বাধ্য হয়ে

এদেশ ছেড়ে চলে গিয়েছিলেন তাঁরা যেন আবার নিজেদের কাজে পুনর্নিযুক্ত হন্ এবং আমি আনন্দের সঙ্গে জানাতে বলবো যে ভূট ইণ্ডাষ্ট্রীজে প্রায় বারো হাজার মুসলমান ভাইরা যাঁরা ফিরে এসেছেন, তাঁরা আবার নিজেদের কাজে পুনর্বহাল হয়েছেন। এবং সঙ্গে সঙ্গে অন্যান্য শিল্প এবং ইণ্ডাষ্ট্রীজের শিল্পপতিদের কাছেও বাস্তহারাদের নিয়োগ সম্পর্কে নিবেদন করা হয়েছে, যার ফলে চিত্তরঞ্জন লোকোমটিভ্ ওয়ার্কসের মধ্যে এবং বাংলা দেশের ষ্টেট্ ট্রান্সপোর্টের মধ্যে ও অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যেও বহুসংখ্যক বাস্তহারা ভাইরা যাঁরা পূর্ববঙ্গ থেকে এসেছেন তাঁদের সেখানে কাজে বহাল রাখা হয়েছে। আজ সকলের কাছে বিশেষ করে শিল্পপতি, পুঁজিপতি এবং বড় বড় কলকারখানার মালিকদের কাছে এই আবেদন পৌঁছে দিতে চাই যে, এই বাংলা দেশের এই সমস্যা সমাধানকল্পে তাঁদের আন্তরিক সহযোগিতা ও সাহচর্য্য প্রার্থনা করি। কারণ এই বিরাট সমস্যা একা রাষ্ট্রের পক্ষে সমাধান করা সম্ভবপর নয়। আজ সকলে মিলে, সরকারী বে-সরকারী, সরকারের সরকার-বিরোধী দল এবং শিল্পপতি থেকে পুঁজিপতি থেকে আরম্ভ করে দেশের জাতির সকল স্তরের, সকল নরনারীর কাছে এই সমস্যা সমাধানের দাবি এসে পৌঁছেচে। আজ সুযোগ আছে, সুবিধা আছে যারা বাস্তহারাদের নিয়োগ করে পুনর্বাসনের কাজে সাহায্য করতে পারবেন, আমি তাঁদের সকলের কাছে সনির্বন্ধ নিবেদন জানাবো—আপনারা এই সমস্যা সমাধানের কাজে সাহায্য করুন। এই সমস্যা সমাধানের ইঙ্গিত করে মহামান্য রাজ্যপাল মহাশয়ের কাছ থেকে যে অভিভাষণ পেয়েছি, আজ তাই এই পরিষদের তরফ থেকে আমরা তাঁকে আমাদের সশ্রদ্ধ অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

The Hon'ble NALINI RANJAN SARKER: Mr. Speaker, Sir, as I was listening to the speeches of the members on the amendments, particularly of Dr. Suresh Chandra Banerjee and Sri Sibnath Banerjee, I was left with the impression that there seemed to be an inadequate appreciation of the scope and purpose of His Excellency's address which is in the nature of the King's speech in the British Constitution. I am aware that this is a new innovation in our constitutional practice and it may take some time before we may be in a position to fully realise the spirit of such an address and lead to create healthy conventions which may endow this occasion with something more than academic importance. As I was listening to the various speakers, it appeared to me that some of the speakers had found that like the proverbial Curate's egg, the speech was good in some parts and bad in others; some speakers, like my honourable friends Dr. Banerjee and Sri Banerjee have found nothing good in it. In fact, Sri Banerjee has come out with his 14 points, with sinister historical associations, the absence of which in the address he deplores with so much unnecessary vehemence. I can tell them that they have misunderstood the spirit of the occasion; for, it is neither Parliamentary practice nor a practical proposition to include in the Governor's speech a catalogue of all that the Government have done or intend to do. The Government have in hand so many things and so many things are being done that it is not possible to encumber a severely business-like speech like this with too many details which have no bearing on the immediate legislative programme in hand. It is, therefore, the established practice that such speeches should indicate the broad policy of the Government and the legislative programme of the session. In fact, as a noted Parliamentarian, Sir Richard Auckland pointed out on a similar occasion, such a speech is an occasion where one addresses one's remarks "to the totality of the situation" without expecting too many matters to confuse the main intention of the Government. Therefore, Sir, one cannot expect all the good things of the Utopia, conjured in the expansive vision of Dr. Banerjee and Sri Banerjee to find mention in the speech, as if a mere mention would have sufficed to clear the coast of all our problems. And because a government cannot at every moment give an explanation of what they are doing and what are going on, it would be, I think, a great mistake to assume that nothing is being done, and that the Government are following a policy of masterly inactivity. On the other hand, as the House is aware, we are fighting on many fronts and our record of achievement, modest though it may be, is not such as to make us look small before the bar of public opinion.

Sir, we have now a constitution of which we may well feel proud. This has chartered the course for us as a democratic nation. But on an occasion like this it will be well for us to remember that a nation cannot be built by its constitution alone, however wisely it might be framed. It is only an aid and a guide; its letters only symbolise the spirit that really matters. And unless we can capture that spirit and translate it into action for the good of the people, it can only have merely an academic interest. It is, therefore, our action that can make or mar our constitution and it is by our action again that we can make the most or the least of the constitutional device that has been placed in our hands as our guide. If we are to make a success of the democracy we are going to build up, we must by our wise action, try to create a democratic tradition by creating suitable parliamentary conventions which may serve as a useful aid to us in our endeavour to build up the foundation of a progressive State. An occasion like this provides an opportunity for creating such healthy conventions, and I hoped and expected that the members would be guided by that consideration without making this an occasion for usual fire-works and play of wit.

I have been pained, indeed very much pained, by the speech delivered by my friend Mr. Syed Badrudduja—unfortunately he is not here. That is surely not the type of speech that can do any good to the Muslims, far less contribute to the return of confidence in them. Mr. Badruddoja knows it more than anybody else that so far as the Muslim minority in this State is concerned, the Government have been extraliberal to them so much so that extreme communal opinion in this State have made open charges against this Government for what they consider to be their too generous treatment towards the Muslim minorities. But, I have never expected Mr. Badrudduja to appreciate these measures, because I know, it is but one step from critical to hypocritical, and however much he may realise the genuineness of our desire to see the Muslim migrants well restored to normal life, he will not admit it; as it always pays to keep the candle of hatred and bitterness burning. I do not know how far Mr. Badrudduja can claim the right to represent the voice of these Muslims; for their confidence in him has not been suitably expressed as events have so often shown. The Muslim minority, I am afraid, had better look elsewhere for guidance than in the frustrated impulse of a quick-changing political artist.

In contrast to this unseemly outburst, the speech of Mrs. Hakam has come to this House as a refreshing interlude. It does credit to her political wisdom and practical sense of duty that she has taken a realistic view of things and given expression to her views in a manner that must find echo in many hearts both inside and outside this House. It is this type of speech that makes for peace and friendliness and promotes goodwill which everybody desires to foster in their State.

Of course, I can quite appreciate the annoyance of Sri Sibnath Banerjee that some of the problems of Howrah have not found a mention in the Governor's address. If the problems of that fortunate city—the city that has the distinction and privilege of claiming Sri Banerjee as its honoured citizen, were to find a place in the speech,—well, 13 other districts now comprising the State of West Bengal, claiming probably less distinguished persons than Sri Banerjee as their citizens, may well demand similar mention for their real or imaginary grievance. It seems to me, therefore, that these amendments are before the House, not because they are really necessary but because they give an opportunity to their sponsors to crawl out of their holes into the limelight to show that they are there—the supposed champions of all right causes.

Sir, much has been said about the refugees, and quite naturally. There is hardly any heart here in this House—and outside, that does not feel for them and share the bitter pain and anguish which is their lot. The people of this State has responded warmly to the call of humanity and come to their help in numerous ways. This really does credit to their generosity. It was fondly hoped that with the achievement of freedom, we shall have at least certain national problems on which we shall be able to formulate a natural policy keeping them above party or group politics. The refugee problem is one such national problem in which it was expected that there would be no room for politics, and political use would not be made of the distress of a whole race. It is a matter of the deepest shame to us that this is not to be and politics has crept into a question which is, if any thing, largely humanitarian. Around this problem, various parties, groups and interests are veering, quite apparently with the purpose of fishing in troubled waters. This is doing no good to the refugees, as, it is found that they are too often made pawn in the political game. Already, the refugee problem is so much politics-ridden that numerous organisations are working at cross-purposes in their name. This is hardly a hopeful sign and only shows that the relief of refugees is only secondary to the purpose of agitation on the election-eve. I sincerely believe that we shall be helping the cause of refugees better if we kept the problem outside politics and took it up as a national problem towards which the united efforts of the whole nation should be bent. At the moment the discussions we have so far heard has not indicated any such tendency. At least on this problem, let me hope and trust, we should be able to rise above party and group interests and show to the world that in a very distressing period in the history of the Bengali race, we have not played with the fortunes of a whole people uprooted from their soil.

The Hon'ble PROFULLA CHANDRA SEN : মাননীয় Speaker মহোদয়--

Sri SIBNATH BANERJEE : মন্ত্রীমহোদয়রা কি সকলেই বল্‌বেন ?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : সকলে না বল্‌লেও কেহ কেহ বল্‌বেন। মহামান্য রাজ্যপাল মহোদয় তার সুন্দর অভিভাষণে আমাদের পশ্চিম বাংলার যে সমস্ত জটিল সমস্যা রয়েছে, তার সবগুলি সম্বন্ধেই কিছু কিছু বলেছেন এবং উল্লেখ করেছেন। সবচেয়ে জোর দিয়েছেন, এই পশ্চিম বাংলার উদ্বাস্তুদের সম্বন্ধে এবং তার পর আমাদের জটিল খাদ্য সমস্যা সম্বন্ধে। এই খাদ্য সমস্যা যে কত জটিল তা এই পরিষদের বিভিন্ন সদস্য স্বীকার করে নিয়ে বক্তৃতা করেছেন—এমন কি বন্ধুবর শিবনাথবাবু পর্য্যন্ত তাঁর বক্তৃতায় আমাদের বর্ত্তমান খাদ্য নীতির বিরুদ্ধে বেশী কিছু বল্‌তে পারেননি। বদরুদ্দুজা সাহেবও বিরুদ্ধে বেশী কিছু বলেন নি এবং শ্রদ্ধেয় বন্ধু চারুচন্দ্র ভাণ্ডারি মহাশয়ও এটা স্বীকার করেছেন যে বর্ত্তমান অবস্থায়--বর্ত্তমান জটিল অবস্থায়—আমাদের খাদ্যনীতি সম্পূর্ণ ঘোল আনা তার মনোমত না হলেও তিনিও খাদ্যের সঙ্কট অবস্থা সম্বন্ধে অবহিত আছেন এবং সহানুভূতির সঙ্গে বলেছেন, এই অবস্থার মধ্যে যতটা ভাল করা সম্ভব, তা আমরা কর্‌তে পেরেছি। তবে একটী কথা চারুবাবু বলেছেন—সেটা হচ্ছে, আমাদের কৃষকরা ধানের ঠিক ন্যায্য মূল্য পাচ্ছে না। এ সম্বন্ধে চারুবাবুর সঙ্গে আমার একটু মতভেদ আছে। আপনারা সকলেই জানেন—চারুবাবুও জানেন—গভর্ণমেণ্ট যে ধান সংগ্রহ করেন, সেই সংগ্রহের সময় একটা মূল্য নির্দ্ধারণ করে দেন। সেই মূল্য হচ্ছে, মোটা ও বাজারি রকম ধান ৭৷৷০ (সাড়ে সাত টাকা) মণ। এবং আপনারা সকলেই জানেন যে, আমাদের ধান যা উৎপন্ন হয় তার মধ্যে অতি অল্প অংশই আমরা সংগ্রহ করি। শতকরা ১২ বা ১৩ ভাগ, খুব বেশী কর্‌লে ১৪ ভাগের বেশী আমরা সংগ্রহ করি না। চারুবাবু অবশ্যই জানেন আমরা যাদের কাছে সংগ্রহ করি তাদের অধিকাংশই নিজেরা চাষ করে না। যাদের হাজার বিঘে, ৪০০ বা ২০০ বিঘে জমি আছে, তাদের কাছ থেকেই সংগ্রহ করি বেশী এবং হিসেব করলে দেখা যায়, যারা ভাগে চাষ করে, সংগৃহীত শস্যের ৭৫ ভাগ, ৮০ ভাগ আমরা তাদের কাছ থেকে পাই। যাদের ২০।২৫ বিঘে জমি আছে, যাদের নিজের ছেলে গরু আছে, লাঙ্গল আছে, যারা নিজেরা চাষ করে, নিজেরা পরিশ্রম করে, জমিতে নিজেরা কাজ করে, তাদের কাছ থেকে আমরা সংগ্রহ করি কম। যাদের ২।৪ বিঘে জমি আছে, যাদের সংসার চলে না, কর্জ্জ তাদের কাছ থেকে আমরা মোটেই সংগ্রহ করি না। এটা ঠিক

যে যদি ধানের মূল্য বাড়িয়ে দেওয়া হয়, তাহলে যারা ভূমিহীন কৃষক, যারা শ্রমিক, তাদেরই সবচেয়ে বেশী ক্ষতি হবে। আবার মনে হয় বর্ত্তমানে ধানের দর ৭।।০ মণ থেকে বাড়িয়ে যদি দশ টাকা করে দেই, তাহলে আসছে বছর চারুবাবুই এই পরিষদে এসে বল্‌তে চাইবেন—মশায়, ধানের দর দশ টাকা দিলেন? তেলের দাম ২৸০ জায়গায় আজ ৩।।০ হয়েছে, কাপড়ও ২।।০ জায়গায় ৪ টাকা হয়েছে এবং অন্যান্য জিনিষের দামও বেড়ে গেছে। ধানের দর দশ টাকা মণ করে দিলেই বর্ত্তমানে দেশে যে অর্থনীতিক সমস্যা দেখা দিয়েছে তা থেকে আমরা রেহাই পাব না। আজ যদি ধানের দর বাড়িয়ে দেওয়া হয় ও চালের দর বেড়ে যায়, তাহলে সকলেই বল্‌বেন, dearness allowance বাড়িয়ে দিতে হবে, শ্রমিকদের মজুরি বাড়িয়ে দিতে হবে। কাজে কাজেই ধানের দর বাড়ানই আমাদের বড় সমস্যা নয়; সবচেয়ে বড় সমস্যা হচ্ছে দেশে উৎপাদন বাড়ানো। আপনারা সকলেই জানেন যে আমাদের এই খাদ্য সমস্যা যে আজ এত জটিল হয়েছে, তা শুধু আমরা দেশের উৎপাদন আশানুরূপ বাড়াতে পারছি না সেইজন্য। আমাদের দেশে উৎপাদন কিছুটা বেড়েছে কিন্তু তার তিনগুণ ক্ষতি হয়েছে বন্যা এবং অন্যান্য কারণে। আপনারা জানেন যে, এই বৎসর বন্যায় ফসলের ভয়ানক ক্ষতি হয়েছে। এই বৎসরে যে আউস ধান নষ্ট হয়েছে তাতে ক্ষতির পরিমাণ ২১ হাজার টন চাল। আপনারা জানেন যে, মেদিনীপুর, ময়না, হুগলী, জলপাইগুড়ী, নদীয়া, মুর্শিদাবাদ, মালদহের বহু অঞ্চলে আমন ধানের বীজ নষ্ট হয়ে গিয়েছে। জলপাইগুড়ী জেলায় বন্যা পীড়িত অঞ্চলে আমি গিয়েছিলাম এবং সেখানকার কংগ্রেস বন্ধুদের সঙ্গে বন্যাপীড়িত অঞ্চল ঘুরে দেখে এসেছি। আমি স্বচক্ষে দেখেছি যে জলপাইগুড়ীতে হাজার হাজার গৃহস্থের যাদের ১০।১৫।২০ মণ ধান ছিল তা বন্যায় নষ্ট হয়ে গিয়েছে। উৎপাদন যাতে বাড়ান যায় সেদিকে আমাদের খুব দৃষ্টি আছে। তবে মোটামুটি বলা যায় যে, গত বৎসরে আমরা যে সমস্ত ছোট ছোট সেচ্ পরিকল্পনা গ্রহণ করেছিলাম তার সংখ্যা হচ্ছে ২০৩ এবং এর দ্বারা ১৯৪৯-৫০ সালে ২।।০ লক্ষ বিঘা জমি উপকৃত হয়েছে। এবং এই বৎসরে আমরা যে সমস্ত সেচ্ পরিকল্পনা গ্রহণ করেছি তার ফলে যে জমি উপকৃত হবে তা প্রায় ৩।। লক্ষ বিঘা। আমাদের সেচ্ বিভাগ থেকে ১৪টী সেচ্ পরিকল্পনা কার্য্যকরী হয়েছে এবং তাতে করে ৩ লক্ষ ৬৮ হাজার বিঘা জমি উপকৃত হয়েছে। এই বৎসর যে সমস্ত সেচ্ পরিকল্পনা গৃহীত হয়েছে তাতে ৩ লক্ষ ২৯ হাজার বিঘা জমি উপকৃত হবে। এবং অন্যান্য পরিকল্পনার দ্বারাও আমরা ফসল বাড়াবার চেষ্টা করছি। কিন্তু যে পরিমাণ খাদ্য উৎপাদন আমরা আশা করেছিলাম সেই পরিমাণ উৎপাদন আমরা বাড়াতে পারছি না—বন্যা ও অনাবৃষ্টির জন্য আমাদের অনেক ক্ষতি হয়েছে এবং তাতে আমাদের খাদ্য সমস্যা আরো বেশী জটিল হয়েছে।

Sj. SIBNATH BANERJEE : বার বার ঘড়ির দিকে তাকাচ্ছেন কেন? সময় হলে রেডিও মারফৎই ত শোনাতে পারবেন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : শিবনাথ বাবু অনেক বাজে কথাই বলে থাকেন, তবে তার মত আমি বেশী সময় নেবো না।

আপনারা সকলেই জানেন যে ১৯৪১ সালের আদমসুমারীতে আমাদের পশ্চিম বঙ্গের লোকসংখ্যা ছিল ২ কোটি ১২ লক্ষ। আজকে লোকসংখ্যা বেড়ে ২ কোটি ৮৬ লক্ষ হয়েছে। কাজে কাজেই খাদ্য সমস্যা আজ জটিলতর হয়েছে। মুর্শিদাবাদ, নদীয়া জেলায় চালের দর বেড়েছিল। সঙ্গে সঙ্গে আমরা কলকাতা থেকে আমাদের সংগৃহীত ধান সেসব অঞ্চলে পাঠিয়ে দিয়েছি। আমরা এখানে যে নিয়ন্ত্রণপ্রথা চালু করেছি তাতে আমরা মধ্যবর্ত্তী একটী পথ গ্রহণ করেছি। আমাদের দেশে অনেকেই চাল নিয়ন্ত্রণ রহিত হয়ে যাক, আবার কেউ কেউ নিয়ন্ত্রণ রাখতে চান। Government এই বিষয়ে মধ্যবর্ত্তী একটী পথ গ্রহণ করেছে। সমস্ত জিনিষই আমরা নিয়ন্ত্রণ করতে পারি না। কলকাতার শিল্পাঞ্চলে যে সব লোক বাস করে তাদের ক্রয়শক্তি খুব বেশী। ক্রয় করবার ক্ষমতা তাদের থাকা সত্ত্বেও আমরা তাদের ক্রয় সঙ্কুচিত করেছি। আপনারা জানেন যে, কলকাতায় মৈনিক ১২ আউন্স করে তণ্ডুল জাতীয় পদার্থ মাথা পিছু দেওয়া হচ্ছে—এটা চালই হোক্ বা গমই হোক্। কখনও চাল বেশী, কখনও গম বেশী। আজ কলকাতায় এমন অনেকে আছেন যারা অভিযোগ করছেন আমরা কোন দিনই রুটি খাই না। অতএব অর্দ্ধেক চাল অর্দ্ধেক গম দিলে হবে না। কিন্তু আজ কলকাতার লোকদের যত টাকাই থাকুক না কেন তাদের কিছু কিছু রুটি খেতে হবে—চাল খাবার ইচ্ছা যতই থাক না কেন। এই যে মধ্যবর্ত্তী নীতি গৃহীত হয়েছে তাতে গরীব লোকেরা যাতে খেতে পারে তার ব্যবস্থা হয়েছে। শিবনাথ বাবু জানেন যে, ১৯৪৩ সালে যে দুর্ভিক্ষ হয়েছিল তখন তিনি আমাদের সঙ্গে প্রেসিডেন্সী জেলে ছিলেন। আমরা তখন দেখেছি যে কত লোক দুর্ভিক্ষে খেতে পায়নি। শিবনাথ বাবুও আমাদের সাথে relief kitchenএ ছিলেন, তাঁর হয়ত

মনে আছে আমরা অর্দ্ধেক খেতাম এবং অর্দ্ধেকটা রিলিফের জন্য দিতাম। সেই সময় সবচেয়ে বেশী ২৪-পরগণার লোকই রাস্তায় মরেছে। কেন মরেছে? আমি সেদিন একটা মিটিংএ গিয়েছিলাম, সেখানে অনেকেই বললেন যে ২৪-পরগণায় অনেক ধান চাল রয়েছে, সেখানে নিয়ন্ত্রণ রাখতে হবে না। এই বৎসর ২৪-পরগণায় ১৩ লক্ষ লোককে Statutory rationingএর মধ্যে রাখা হয়েছে। এবং প্রায় ২ লক্ষ লোককে আংশিক বা modified rationingএর মধ্যে রাখা হয়েছে। কেন রাখা হয়েছে? যাদের আয় কম, ক'লকাতা থেকে তাদের আমরা চাল পাঠিয়ে দিই ন্যায্য দরে--১৬৸৵০ আনা মণ দরে। গত বৎসর সমগ্র বাংলা দেশে ১২।১৩ লক্ষ লোক এই আংশিক rationingএর অধীনে ছিল। আজ September মাসে সেখানে ৩২ লক্ষ লোক এই modified rationingএর মধ্যে রয়েছে।

হাওড়া জেলার গ্রামাঞ্চলের তিন লক্ষ চল্লিশ হাজার লোককে এই modified rationingএর অধীনে রেখেছি, আজ আমরা সমস্ত উদ্বৃত্ত শস্য সংগ্রহ করে নিয়ে সমস্ত দেশময় বণ্টন করতে পারছি নে। দেশের মধ্যে অনেকে আছেন, যারা control বোঝেন এবং অনেকে আছেন যাঁরা বোঝেন না, সেইজন্য আমরা একটা মধ্যবর্ত্তী ধারা গ্রহণ করেছি। যখন গরীব লোকেরা চাল সংগ্রহ করতে পারে নি তখন তাঁদের কাছে চাল বা আটা আমরা পাঠিয়েছি। আমরা উৎপাদন বৃদ্ধি করবার চেষ্টা করেছি। কিন্তু আমরা যত চেষ্টাই করি না কেন, প্রকৃতির সঙ্গে যুদ্ধ করে আমরা পেরে উঠছি না। আমরা যেখানে শস্য বাড়িয়েছি হয়তো এক লক্ষ টন, সেখানে প্রকৃতি ধ্বংস করেছে দু লক্ষ টন। ওয়াকার সাহেব বলেছেন যে কিছু পরিমাণ ধানের জমি আমরা যে পাটের জমিতে পরিণত করেছি সেটা ঠিক হয়নি। কিন্তু এবিষয়ে দ্বিমত আছে। আমাদের দেশে এখানকার চাহিদাসাপেক্ষ সমস্ত পাট উৎপন্ন হয় না--পাকিস্থানের উপর নির্ভর করতে হয়। আমরা পাট সম্বন্ধে স্বাবলম্বী হতে চাই। আমাদের এই ঘনবসতিপূর্ণ পশ্চিমবঙ্গের প্রতি বর্গ মাইলে ৮৫২ জন লোক বাস করে, কোচিন বাদে ভারতবর্ষে আর যত প্রদেশ আছে তাদের মধ্যে এত ঘন বসতি আর কোন প্রদেশেই নাই। বিশেষজ্ঞ পণ্ডিতেরা বলেছেন অন্ততপক্ষে ৬ বিঘা জমি মাথা পিছু না যদি থাকে তাহলে ভালোরকম চাষ করা যায় না। বর্ত্তমানের ক্রমবর্দ্ধমান লোকসংখ্যার দরুন আমাদের জমির অভাবে খাদ্য সম্বন্ধে আমরা স্বয়ংসম্পূর্ণ হবো কিনা জানি না। অতএব বাংলা দেশকে বাঁচতে হলে শিল্পের উন্নতি অবশ্যই করতে হবে। সুতরাং যে পাটশিল্পটা আমাদের রয়েছে তাকে রক্ষা করতেই হবে। পশ্চিম বাংলার অর্থনীতি সম্বন্ধে যাঁরা কিছু চিন্তা করেন তাঁরা নিশ্চয়ই বলবেন--আউশের কিছু জমিকে পাটের জমিতে পরিণত করলে পাট সম্বন্ধে আমাদের সঙ্কট কমে যাবে। এবং সেইজন্য একাজটা কিছু অসঙ্গত হয় নি।

আপনাদের কাছে প্রাকৃতিক দুর্য্যোগের কথা আগে বলেছি, তারপরে আমাদের আর একটা দুর্য্যোগের সম্মুখীন হতে হয়েছে। ফেব্রুয়ারী মাসের সাম্প্রদায়িক গোলযোগের ফলে পশ্চিম বাংলার অনেক জমি অনাবাদী পড়ে থাকে। আর তার অধিকাংশই হচ্চে পাট আর আউশের জমি। নদীয়া, মুর্শিদাবাদ ও মালদহ জেলার প্রায় সাড়ে তিন লক্ষ একর জমি পতিত ছিল, মুসলমান ভায়েরা এই সমস্ত জমি পরিত্যাগ করে চলে গিয়েছিলেন। একেই পশ্চিম বঙ্গে চাষের জমির অভাব তাতে অত জমি পতিত থাকলে অবস্থাটা কি দাঁড়ায় সেটা অতি সাধারণ লোকেরও সহজ বোধগম্য। এই যে একটা অতর্কিত difficultyতে আমরা পড়ে গেলাম, Rehabilitation Ministerএর সাহায্যে আমরা তার মধ্যে প্রায় ৬ লক্ষ বিঘা জমি আবাদ করতে পেরেছি--আশ্রয়প্রার্থীদের দ্বারা বাকি প্রায় ৪ লক্ষ বিঘা আবাদ করতে পারা যায় নি, এর ফলে কতটা ক্ষতি হয়েছে ভেবে দেখুন। কাজে কাজেই পরিষদকক্ষে আমাদের বন্ধুরা গভর্নমেণ্টের খাদ্যনীতি সম্বন্ধে যে আলোচনা করেছেন তার জন্য কৃতজ্ঞতা স্বীকার করছি। এবং আশা করি তাঁরা বুঝতে পেরেছেন যে এতটা অসুবিধা ও জটিলতা সত্ত্বেও আমরা এই প্রদেশে খাদ্যসমস্যার সম্মুখীন হতে পেরেছি। ত্রিশ লক্ষের উপর আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এখানে এসেছেন গত মার্চের্চর মধ্যে। দু'মাসের মধ্যে যে দেশে ত্রিশ লক্ষ লোক বেড়ে গেল, সে দেশের খাদ্যসমস্যা যে জটিল হবে সেটা কিছু আশ্চর্য্য নয়, কিন্তু বড় কথা হচ্চে এই হঠাৎ অতটা লোকবৃদ্ধিসত্ত্বেও আমরা যে আমাদের খাদ্যসংগ্রহ নীতি ঠিক-ভাবে বজায় রাখতে পেরেছি। বরং গত বছরের তুলনায় এ বছরে বেশী সংগ্রহ করতে পেরেছি। ১৯৪৯ সালের জানুয়ারী থেকে ২৭শে সেপ্টেম্বর পর্য্যন্ত ৩ লক্ষ ৩৩ হাজার ১৯৭ টন চাল সংগ্রহ হয়েছিল, সে জায়গায় ১৯৫০ সালের সেপ্টেম্বর পর্য্যন্ত সংগ্রহ হয়েছে ৩ লক্ষ ৯৫ হাজার ৫৪০ টন। অর্থাৎ গত বছরের তুলনায় এবারে প্রায় ১৭ লক্ষ মণ চাল বেশী সংগ্রহ করতে পেরেছি এবং এখনো আমরা সংগ্রহ করে চলেছি। এই সংগ্রহ কার্য্যে রাস্তাঘাটের অসুবিধার জন্য আমাদের খুব মুস্কিলে পড়তে হয়। দিনাজপুরে আমাদের প্রায় ৪ লক্ষ মণ চাল সংগ্রহ হয়ে পড়ে আছে, সেখানে রাস্তা না থাকার দরুন আনা যাচ্ছে না। আমাদের খাদ্যবিভাগ থেকে মণ প্রতি এব

আনা করে ধরে গ্রাম্য রাস্তা মেরামত করার জন্য ব্যয় করছি। কিন্তু আমাদের গ্রামের রাস্তা কতটা খারাপ তা আপনারা অনেকেই জানেন। আজকাল একটা রাস্তা তৈরী করতে, আগে যেখানে দশ হাজার টাকায় হতো, সেখানে তার পাঁচ গুণ বেশী খরচ পড়ে। কাজেই এই পথঘাটের সমস্যাও আমাদের খাদ্যসমস্যার জন্য অনেকটা দায়ী। পথঘাটের অভাবের দরুন অনেক জায়গায় চাল মজুত থাকা সত্ত্বেও ঠিকমত বিলির ব্যবস্থা করা সম্ভব হয় না। একজন বন্ধু বলেছেন যে কুচবিহারে চালের অবস্থা খারাপ হয়েছে, কিন্তু কুচবিহারে আমাদের অনেক চাল মজুত আছে, পথঘাটের অভাবে ঠিকমত কাজে লাগানো যাচ্ছে না। এমন কি কোন কোন জায়গায় মণ পিছু ৬।৭ টাকা পর্য্যন্তও খরচ করেছি চাল বয়ে আনবার জন্য, কিন্তু কোন জায়গায় আবার এত খরচ করেও লোক পাওয়া যায় না। দার্জিলিংএর রাস্তা যাট বছরের পর রাস্তা মেরামত ও তৈরীর জন্য সরকারের তরফ থেকে সেখানে ৭।৮ হাজার লোককে কাজ দেওয়া হয়েছে। সেখানে শুধু পুরুষ মানুষরাই কাজ করছে না, মেয়েরা এবং ১০।১২ বছরের ছেলেরা পর্য্যন্ত কাজ করে বেশ উপার্জ্জন করছে। কাজে তাদের উৎসাহও পরিলক্ষিত হচ্ছে, একরকমভাবে ৮ হাজার লোককে কাজে নিযুক্ত করা মস্ত বড় একটা relief। আমরা কোন কোন জায়গায় ৬।৮০ টাকা ৭৲ টাকা পর্য্যন্তও মণ পিছু চাল বয়ে নেবার জন্য খরচ করতে প্রস্তুত আছি কিন্তু লোক পাওয়া যায় না অনেক ক্ষেত্রে। আমাদের রাস্তাঘাটের সমস্যা যে শীঘ্রই সমাধান হবে তা বলা যায় না।

আপনারা জানেন আমাদের ছোট ও মাঝারি স্কীম যেমন রয়েছে তেমনি বড় বড় স্কীমও রয়েছে। এর মধ্যে ময়ূরাক্ষী স্কীম--যেটা আমরা আরম্ভ করেছি--সেটা ১৯৫১ সালে হয়ে যাবে এবং এটার ফলে তিন লক্ষ বিঘা জমিতে চাষ হবে। দামোদর স্কীমটা শুধু পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট করেন না, সেটার মধ্যে ভারত গভর্ণমেণ্ট ও বিহার গভর্ণমেণ্টও রয়েছেন, এটা সম্পূর্ণ হতে দেরী হবে। কিন্তু ময়ূরাক্ষী স্কীম ১৯৫১ সালের মধ্যে যে পর্য্যন্ত হবে, তাতে করে তিন লক্ষ বিঘা জমিতে আমরা ধান উৎপন্ন করতে পারব।

মাননীয় স্পীকার মহোদয়, আমি খুব কৃতজ্ঞ যে আমাদের দেশের জটিল খাদ্যাবস্থার সম্বন্ধে আমি পরিষদ সদস্য মহোদয়দের বিশদভাবে বোঝাবার সুযোগ পেলাম। অন্যান্য বার খাদ্য সম্বন্ধে যে ধরনের সমালোচনা এখানে করা হতো এবার তা হয়নি, সেইজন্য আমি ধরে নিয়েছি যে সকলেই সমস্যাটা ভালো করেই উপলব্ধি করেছেন। সব শেষে, রাজ্যপাল মহোদয়ের অভিভাষণে আমার সমর্থন জানাচ্ছি।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Mr. Speaker, Sir, before I commence my talk I owe an apology to my friend Sj. Basantlal Murarka because I have to talk in a language which is not the Rashtrabhasha. It is not that I am not able to speak somewhat in the language of which he is talking, but I have to think in terms of those who do not understand the Rashtrabhasha. Even if he be in a minority of one, I have to consider his requirement as much as the fact that we should follow the usual procedure of talking in the Rashtrabhasha. I know that Mr. Walker or my friend over there Mr. Clarke would not be able to follow the Rashtrabhasha and I have got to consider their cases also.

Sir, yesterday and the day before we heard a lot of criticism - some critical, some cynical, some political, some mixture of all these three. They cover a variety of subjects. I wish the criticisms were more well-founded and better grounded upon facts and realities of life rather than talking, if I may say so, in air. I am not afraid of criticism of the action of Government because any live Government is bound to excite some people or other into criticizing its activities. A dead man has no enemies. The more living you are, the more active you are, the greater is the chance of your activities being criticized by those who do not see eye to eye with you, but in all these criticisms one expects some constructive element. If they are merely criticisms for the purpose of obtaining applause here and there or for talking to the people outside instead of talking to the legislature, one begins to think that such criticisms proceed from people who do not appreciate the value and the privileges, the powers and the responsibilities of a legislature.

The subjects dealt with by my friends here during the last two days cover, as I said, a wide variety of subjects. Some speakers spoke about the

flood that has taken place in Diamond Harbour and Basirhat subdivisions. I may inform the members of this House that we are alive to the situation. Our estimate is that 5,000 acres in Basirhat subdivision and 28,000 acres in Diamond Harbour subdivision have been affected by the recent flood. We are aware of the difficulties that would arise subsequently because the salt water crossing over the bunds would prevent further cultivation—at least would affect markedly the cultivation—in these areas. Although the embankments are not to be protected by the Government—it is the responsibility of the people, the lease-holders, who have got the land under their control—yet the Government have taken all steps to relieve the people that are affected. Large sums of money have been distributed. The Magistrate has gone round to different parts of the district and has travelled over 300 miles in those areas in the last two or three days in order to get a view of the situation that is existing there. As soon as he comes back, it would be our duty to see that the embankments are put right. It could not be done earlier because at the full-moon time it is impossible to repair embankments. We have got to wait till the next phase of the moon.

My friend Mr. Charu Chandra Bhandari has referred to the fact that certain lands which had been taken in the Diamond Harbour area have not been paid for. I may tell him—he is not here—his friends can communicate this news to him that all lands taken after partition have been paid for, but there are some liabilities with regard to lands which were taken for construction of road in the Diamond Harbour area before the partition which have not been met because of the legal difficulties about which every member of the legislature is aware.

My friend Mr. Sibnath Banerjee has characterised the report which was included in the speech of His Excellency regarding the opening of schools as bluff—he called it mischievous, he called it a misstatement. There are some people in this world who have no confidence in themselves. Naturally, they cannot have any confidence in others. It always proceeds from a sense of want of self-confidence in oneself. He is aghast at the idea of so many schools being opened and so many teachers being appointed. I may tell him that there is one mistake, for which I am very sorry, in the printing of the speech that was delivered. The number of teachers that have been appointed is shown as 400—it is really 1,400, but these 1,400 do not represent the total number of teachers who are employed in these new schools. They were the total number of refugee teachers who are employed in these schools and His Excellency was then talking of the refugees and the value of the services they rendered. As a matter of fact, I find that since the time that the speech was first written and printed, the number has increased—the total number of scholars in the schools of refugees is 82,975 and the total number of teachers appointed is 17,096. These are refugee teachers. There are other teachers who do not belong to the refugee group.

Then he made another remark. He was facing a problem which he could not understand how to solve and, therefore, he said "You talk of 10 lakhs of people being rehabilitated—how could you have huts for so many people?" Does he know that the total number of houses and huts that have been erected by the Government both in the area such as Habra as well as in border areas, the hutments which have been made in the different camps, the huts which have been built by the different District Magistrates, the huts which have been built by the Government in different colonies with loans advanced by Government in 24-Parganas, Jalpaiguri, Murshidabad, Nadia and other places, the huts which have been built by refugees themselves with Government loans on lands secured for them and the huts or houses for the building of which galvanized iron

sheets and cement have been given—the total number comes to 196,113 and taking 5 people for each hut, it is not a very difficult calculation to find out how 10 lakhs of people have been rehabilitated. If it can convey any meaning to him, I would give him one copy of the statement which has been prepared and in which he will find that there is no bluff indicated because a bluff given to the refugees is a bluff given to the Government itself. I am not so careless in my expressions or words that I am using and I am saying that Mr. Sibnath Banerjee was indulging in what I may call terminological inexactitude when he used this expression.

The next question that has been raised in the course of the debate is that there should have been nautical schools and technical schools. I can tell the members of the House that there are two nautical schools already started. Dozens of youngmen of the Indian Union have been taken already both in inland steamers as well as in sea-going steamers. With regard to technical schools a provision is now made for 750 boys to be taken this year in the different new technical schools that are opened.

Dr. Suresh Chandra Banerji wanted to know whether every one of the technicians so educated and so instructed would get appointments. Nobody can guarantee that, but the need for technicians in this country is so great that I am positive that as soon as these technicians will be available not only would they get service but they will render efficient service to the growth and development of this province.

Mr. Sibnath Banerjee perhaps never cares to look into facts. He simply sees the reference to the Damodar Valley project and the Mor project in His Excellency's speech and says that money is not there and therefore progress has not taken place. As a matter of fact, so far as the Mor project is concerned, we are in advance of our schedule. While we had projected to finish it in 1952, we are going to finish it in 1951. With regard to the Damodar Valley project I admit that there was delay last year for this reason, namely, that money was not available from the Centre. Probably, members are aware that money needed for the Damodar Valley project is contributed by three parties—the Government of India, the Government of Bihar and the Government of West Bengal. We have the largest share in the contribution to the Damodar Valley project, but for the time being all these contributions are made in the form of loans debited to the different Governments, and last year it was difficult for the Government of India to provide the loan as quickly as the Damodar Valley people had desired. Secondly, there was difficulty in choosing the proper type of machinery for the Damodar Valley project. I may tell the members of this House that through the efforts of myself and of the Hon'ble Bhupati Majumdar it has now been possible to have an Advisory Committee on which the members of the three Governments meet to discuss the development of the Damodar Valley project, and I can assure you in this behalf that we keep an eagle eye on the progress made in the Damodar Valley project.

Mr. Sibnath Banerjee has talked about the Howrah Improvement Trust. I have taken this matter in hand and I have gone through it fairly carefully, but the difficulty arose because as in the case of the Calcutta Improvement Trust the Government has to contribute Rs. 40 to 50 lakhs in order to form the first corpus round which grows the Improvement Trust. People do not think about these matters. They only think that what the Improvement Trust has to do is to take a piece of land, advertise, notify, take the land and then sell it to the highest bidder. But between the time the land is taken, developed and resold there is the time lag, and unless we have got some block account to operate upon during the first period of development it is impossible to have the active progress of any Improvement Trust, but

I can assure Mr. Banerjee that the Government is quite alive to the problem of Howrah, and we are considering ways and means, and as soon as the financial position allows us it will be taken in hand speedily.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Mr. Sibnath Banerjee, as an old member, ought to know that there is a provision in the Rent Control Act, section 18, which deals with ejectment decrees, and he is also aware that a further proposal has been brought forward to amend section 18 of the Rent Control Act, 1950.

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Establishment of a municipality at Alipur Duars, Jalpaiguri

3. Sj. JAJNESWAR ROY: (১) স্বায়ত্তশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ পূর্ব্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুর দুয়ারে বঙ্গবিভাগের পর পূর্ব্ববঙ্গ হইতে বহু আশ্রয়প্রার্থী আসায় সহরের লোকসংখ্যা বৃদ্ধি পাইয়াছে কি না; এবং

(খ) সহরের স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা করার জন্য আলিপুর দুয়ারে কোন পৌরপ্রতিষ্ঠান না থাকায় সহরের স্বাস্থ্যের দিন দিন অবনতি হইতেছে কি না?

(২) যদি (১) (খ) প্রশ্নের উত্তর "হাঁ" হয়, তবে মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) স্থানীয় জনসাধারণ পৌরপ্রতিষ্ঠান স্থাপনের জন্য আবেদন করা সত্ত্বেও সরকার পৌরপ্রতিষ্ঠান স্থাপনের ব্যবস্থা কেন করেন নাই; এবং

(খ) সত্বর পৌরপ্রতিষ্ঠান স্থাপনের কথা সরকার বিবেচনা করিবেন কি না?

MINISTER in charge of the LOCAL SELF-GOVERNMENT DEPARTMENT (the Hon'ble Jadabendra Nath Panja): (১) (ক) হাঁ।

(খ) আলিপুর দুয়ারে একটি ইউনিয়ন কমিটি আছে। কোনও পৌরসংঘ না থাকায় আলিপুর দুয়ারের স্বাস্থ্যের দিন দিন অবনতি হইতেছে এ সংবাদ সরকার অবগত নহেন।

(২) (ক) ও (খ) এই প্রশ্নগুলি উঠে না।

Sj. KHAGENDRA NATH DAS GUPTA: Supplementary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে আলীপুর দুয়ারের জনসাধারণ সেখানে একটা মিউনিসিপ্যালিটি করবার জন্য আবেদন করেছে কি?

The Hon'ble JADABENDRA NATH PANJA: হাঁ, আবেদন করেছে।

It is under the consideration of the Government.

Sj. KHAGENDRA NATH DAS GUPTA: কতদিন যাবৎ এই আবেদন মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আছে?

The Hon'ble JADABENDRA NATH PANJA: (No reply.)

Supplementary Estimate for 1950-51.

Sj. SIBNATH BANERJEE: On a point of order, Sir, আমি একটা বৈধতার প্রশ্ন তুলছি। সরকার অবৈধ কাজ করছেন সেটাই আমি বলছি। এই যে Sepplementary Estimate place করা হয়েছে সেটা একেবারেই অবৈধ। Durell সাহেবের বইএ ৪৭।৪৮ পাতায় আছে যে—

DURELL: "Supplementary estimate, when treated as customary and as a matter of course, instead of being restricted to occasions of unforeseen contingencies, do more to destroy effective parliamentary control than any other indirect method that could be devised."

এইবার May's Parliamentary Practiceএ যা আছে তা বলছি (MINISTERIAL BENCH : ওরে বাবা!)

Sj. SIBNATH BANERJEE: এটম্ বম্ব দেখে ওরা ভয় পাচ্ছেন—ভয় পাওয়ারই কথা।

The Hon'ble KALIPADA MOOKERJI: এটম্ বম্ব নয় ওগুলি হচ্ছে পটকা।

Sj. SIBNATH BANERJEE: পটকার ভয়েইত আপনারা কলকাতা সহরে ১৪৪ ধারা জারী করে রাখেন। যাই হোক

MAY'S PARLIAMENTARY PRACTICE, PAGE 678এ বলছে—

* * * * * * *

A supplementary estimate may be presented either for a further grant to an existing service or in addition to a sum already demanded for the current financial year or for a grant caused by a fresh occasion for expenditure that has arisen since the presentation of the supplementary estimate such as expenditure on behalf of a service newly imposed by the Executive Government by statute or to meet the cost created by an unexpected emergency."

এইটা যা পড়া গেল এইটাই sufficient to show যে Supplementary Estimate আপনারা আমাদের সামনে হাজির করেছেন, এটা একেবারেই অবৈধ, কেননা এর মধ্যে অনেক item রয়েছে যা অনেক দিন থেকেই আপনাদের জানা ছিল। অথচ গত বাজেটের সময় তারা আনেন নাই। এইবার back door দিয়ে আনবার চেষ্টা করছেন, সেটা অবৈধ। বাজেট Sessionএ বাজেটের General discussion হয়, তারপর প্রত্যেক itemএর উপর Cut Motion আনা হয়, এইরকমভাবে এক মাস ধরে বাজেট আলোচনা হয়, তারপর বাজেট pass হয়। সেবার বাজেটের মধ্যে দিয়ে তারা ৩২ কোটি টাকা নিয়েছেন। আপনাদের ভোট আছে তা জানি এবং এটাও নেবেন, কিন্তু সেটা একটা Parliamentary Procedure follow করে নিয়েছিলেন। এবার ফাণ্ড হিসাবে ৪ কোটি টাকা চাচ্ছেন। এটার মধ্যে itemএ আছে যেমন Land Revenue, Development Programme এইগুলি publish করবার জন্য টাকা চেয়েছেন। এইগুলি বাজেট Sessionএ বললেই ঠিক হোত। যাদের এতখানি অদূরদর্শিতা তাদের এখানে বসা উচিত নয়। তাদের resign করা উচিত। এইরকম বহু item আছে যা আগে থেকেই foreseen.

দার্জিলিংএর land slide সেটা unforeseen, তার জন্য sanction চাওয়াটা বৈধ। কোরিয়ার (Korean) Warএর জন্য সমস্ত জিনিষের দাম বেড়েছে সেজন্য dearness allowance চাইলে সেটা বৈধ হত কিন্তু সেটা তারা করবেন না। Writers' Buildingএর চাপরাসী বা Government Houseএর চাপরাসীরা মাত্র ৫০৲ টাকা মাইনে পায়, তাদের মাইনে বাড়িয়ে দেওয়ার কথা তাদের মনে আসে না। তারপর এই Houseএর জন্য Speakerএর অধিকার নাই কারও মাইনে বাড়িয়ে দেবার। Dearness allowance বাড়াবার অধিকার Finance মন্ত্রীমহাশয় তার হাতের মধ্যে রেখেছেন এবং Speaker মহোদয়ের অধিকার ক্ষুন্ন করেছেন। অথচ যেটা unforeseen সেটা সম্বন্ধে তারা কিছুই করে নাই। যেমন refugee সম্বন্ধে। এই unforeseen ঘটনার জন্য যদি extra expenditure হত বুঝতাম কিন্তু তা হয় নাই। যে সব item তারা এখানে এনেছেন তার সবগুলিই আগেই foresee করা যেতে পারতো। সুতরাং এইগুলি আজকে Supplementary বাজেটে আসতে পারে না। এইগুলি thoroughly recast করা দরকার। এই সঙ্গে সঙ্গে আর যে সমস্ত minature--ছোট ছোট item আছে—তা বোঝবার সাধ্য নাই। বাজেট discussionএর সময় মন্ত্রীমহোদয়ের বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে আমরা জানতে পারি যে কার জন্য কি করা হচ্ছে। কিন্তু এই Supplementary বাজেটের itemএ কি আছে সেটা Houseএর পক্ষে অবধান করা কঠিন। বাজেট বক্তৃতার মত কোন ছাপান copy আমরা পাই না। কোন itemএর কি justification আছে তার idea করা যায় না। খবরের কাগজে সেসব ছাপা হয় না বা খুব অল্পই ছাপা হয় এটা আমাদের দুর্ভাগ্য। এই টাকা কিসের জন্য দরকার সেটা বলা দরকার। এইজন্য আমি এই বাজেটকে অবৈধ বলে ঘোষণা করছি। আপনারা ভোটের জোরে এটা pass করতে পারেন কিন্তু সেভাবে pass করাটা অবৈধ হবে।

Mr. SPEAKER: Is this your point of order?

Sj. SIBNATH BANERJEE: Yes. My point of order is that this supplementary estimates are out of order. I have also made some suggestions for the benefit of incompetent Government members.

আমি suggest করছি কি করে এটা বৈধ হতে পারে। অবৈধ জিনিষ এখান থেকে pass করা যায় না। চুয়াল্লিসটা ভোটের জোরেই সব কিছু বৈধ হয় না। তাই আমি এই সব suggest করছি। কারণ Oppositionএর কাছ থেকেই আপনারা কিছু শিখতে পারেন।

Janab MD. KHUDA BUKHSH: I wish to speak on the point of order raised by my friend and I rise to support his point of order. Sir, the difference between the budget estimates presented to this House before the budget session and this one is essentially this. This is very important, Sir. When the original budget is presented Government give the House certain proposals and Government wants, with the approval of the House, to spend the money as sanctioned. But now they have already spent the money and having spent the money they want us to authorise all their deeds and misdeeds. That is not correct. Even if they want to place supplementary estimates with regard to expenditure that Government did not know about beforehand, we would be prepared to sanction all the moneys required under different heads but Government must come to the House before spending that money.

Mr. SPEAKER: With regard to this point of order I may say that when Government wants to spend the money they have the right to come before the House with their supplementary estimates. You can either accept it or reject it.

Janab MD. KHUDA BUKHSH: But Government is coming before the House after having squandered away the money as they liked.

Mr. SPEAKER: But then you can refuse the supply. It is for you to give the money or not to give the money, whatever you like.

Sj. SIBNATH BANERJEE: I bow down to your ruling, Sir. I have quoted Durell and May. এই সম্বন্ধে আমি যে clarification দিয়েছি, সেটাই sufficient, তবে আপনারা vote down করতে পারেন কিন্তু Supplementary বাজেটে এই জিনিষ আসতে পারে না। যে যে argument দিয়েছি তা আপনাদের সামনেই আছে। আমি May'র বই থেকে quote করেছি তাতে আমার মনে হয় যে আমার বক্তব্য fully justified.

Mr. SPEAKER: Now the general discussion starts.

General Discussion of the Supplementary Estimate.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহোদয়, বাস্তুহারাদের পুনর্বসতি সম্পর্কে আমি কিছু বলতে চাই। এর পূর্ব দিন, যখন রাজ্যপাল মহাশয়ের ভাষণ সম্পর্কে আলোচনা হয়েছিল, আমি তখন পশ্চিমবঙ্গের যারা মুসলমান বাস্তুহারা, তাদের পুনর্বাসন সম্পর্কে বলেছিলাম। এখানকার মুসলমান বাস্তুহারা, যারা নাকি পূর্বপাকিস্থান থেকে ফিরে এসেছে, তাদের পুনর্বসতি সম্পর্কে অনেক difficulty আছে, তা সত্য, আমার মনে হয়, সব চেয়ে প্রধান difficulty হচ্ছে এইটে, যারা ফিরে এসেছে, তাদের বাস্তু, ঘর এবং জায়গা, জমি, এখানে হিন্দু বাস্তুহারারা যা দখল করে আছে, সেগুলি ফিরে পাবার প্রশ্ন সম্পর্কে। এ বিষয়ে একটা গোলমাল দেখতে পাচ্ছি. legal difficulty যেটাকে বলা হয়েছে, সেটা হচ্ছে এই যে, কোন বাস্তুত্যাগীর ঘরে, যদি খালি থাকা অবস্থায় কেউ ঢুকে যায়, তাহলে তাকে trespass বলা যায় না এবং তাকে আইনতঃ অপসরণ করা যায় না। কিছুদিন তাদের অপসরণ করা হয়েছিল, কিন্তু পরে দেখা গেল এটা বে-আইনী কাজ হয়। সেজন্য এখানে তাদের পুনর্বাসন কাজ থেমে রইল। তখন বলা হল যে আদালতের সাহায্যে এ জিনিষটা করা হবে, আদালতে এ সম্পর্কে case করায়, সেখান থেকে Magistrate বলে দিলেন, এইরকম ঘর যদি কেউ দখল করে, তাহলে সেটা trespass হয় না। যদি তাই হয় এবং এই কারণে পুনর্বসতি না হয়, তাহলে এই legal difficulty দূর করবার জন্য একটা আইন করা উচিত। এবং আমরা শুনেছিলাম এবং শুনে সন্তুষ্ট হয়েছিলাম--এই Sessionএই একটা বিল আনা হবে। কিন্তু আজ ৩রা তারিখ হয়ে গেল, এখনও পর্যন্ত সে বিল, পরিষদের সামনে এল না। আমরা শুনছি যে তথাকথিত কি একটা অসুবিধা আছে এবং সে অসুবিধাটা হচ্ছে এই যে, দিল্লী চুক্তি অনুসারে এই ব্যাপারে আমরা যা করছি পূর্ববঙ্গের গভর্ণমেণ্ট সেটুকু করতে রাজী নন। যে provision আমরা করতে যাচ্ছি, আমাদের Government করতে যাচ্ছেন, সেটা তারা করতে রাজী নন। এইজন্যেই হয়ত বিলটা এই পরিষদের সামনে আসছে না। এই সম্পর্কে আমার বক্তব্য এই যে, পূর্ববঙ্গ Government কিছু করুক বা না করুক, যেটুকু আমরা পশ্চিমবঙ্গ থেকে বাস্তুহারার জন্য করা উচিত বলে বিবেচনা করবো, সেটুকু আমরা অন্যের কাজের অপেক্ষা না করে, করে যাবো। এবং আমার মতে, আমাদের সেটুকুই করা উচিত। আমাদের কংগ্রেসের নাসিক অধিবেশনে আমরা যে প্রস্তাব গ্রহণ করেছি সে প্রস্তাবটাকে রূপদান করা উচিত বলে যদি আপনারা মনে করেন, তাহলে পূর্ববঙ্গ কি করবে না করবে, তার অপেক্ষা না করে, সেইসব বাস্তুহারাদের জমি-জায়গা ঘর-বাড়ী যা অপহৃত হয়েছে, সেগুলি যাতে অন্যের দ্বারা ভোগদখল না হতে পারে, তার ব্যবস্থা অবলম্বন করা উচিত। এখানে এই নিয়ে যদি কোন একটা agreement হয়, সেটাও আমাদের করা উচিত। Let us do our part of the duty. এটুকু আমাদের করা উচিত। অবশ্য আমরা যদি না করি এবং সেটা না করারও একটা justification আছে যে পূর্ববঙ্গ Government কিছুই করছে না, তখন আমরা এক তরফা করবো কেন--এই justification থাকবে বটে--কিন্তু তাহলে আমাদের মুসলমান বাস্তুহারাদের প্রতি সুবিচার করা হবে না, এই আমার বক্তব্য। অধিকন্তু পূর্ববঙ্গ কিছু করুক বা না করুক, আমাদের বিবেচনা ও নীতি অনুসারে আমাদের কাজ করা উচিত। আমাদের Governmentএর যে নীতি দ্বারা পরিচালিত হবার কথা, সে নীতি দ্বারা আমাদের পরিচালিত হতে হবে। পূর্ব পাকিস্থানের ওপর না রেখে আমরা যদি আমাদের নীতি অনুসারে চলি, তাহলে জগতের সামনে যে শুধু দেখাতে পারব তাই নয়, আমাদের কংগ্রেসের গৃহীত নীতিটাকেও রূপায়িত করতে পারব। সুতরাং আইনের difficulty যা আছে, সেটাকে দূর করবার জন্য এই Sessionএই যেন একটা বিল আনা হয়। সরকারের কাছে আমার বিশেষ নিবেদন, এইটে যেন করা হয়।

দ্বিতীয় কথা হচ্ছে এই যে, সেদিন আমি আলোচনা প্রসঙ্গে ধানের দাম সম্বন্ধে প্রশ্ন তুলেছিলাম, খাদ্যমন্ত্রী-মহাশয় বলেছিলেন যে সেটা বাড়ান খুব যুক্তিযুক্ত হবে না। এবং না বাড়ালেও জনসাধারণের অসুবিধা হবে না,

কারণ তারা ধান সংগ্রহ করে, মাত্র যারা জমি ভাগে দেয় এমন জোতদারদের কাছ থেকে। আমার মতে এই কারণটাই ধানের দাম না বাড়ানোর পক্ষে যুক্তিসঙ্গত নয়। একথাটা ঠিক নয় যে, ধান যে ওরা সংগ্রহ করে, তা শুধু ভাগ যারা দেয়, তাদেরই কাছ থেকে। আজকে আমি এসেছি একটা মফঃস্বল অঞ্চল থেকে। সেটা ২৪-পরগণারই অন্তর্গত। সেখানে যা দেখে এলাম, তাতে খাদ্যমন্ত্রীমহাশয় যা বলেছেন, তার সঙ্গে কোন মিল নাই। তাঁর মনেই হয়ত এই জিনিষটা রয়েছে কিন্তু কার্য্যক্ষেত্রে হচ্ছে কি--যে ধান procurement করা হচ্ছে, সেটা যাদের পাঁচ বিঘা জমি আছে, ঘরে ৫ মণ ১০ মণ পর্য্যন্তই যার আছে, তারও ঘরে ঢুকে সমস্ত নিয়ে যাওয়া হচ্ছে। তিনি যদি ইচ্ছা করেন, আমি তাকে নিয়ে গিয়ে, সে অঞ্চলে দেখিয়ে আনতে পারি। সেখানে একথা বলা হচ্ছে ধান যার যা আছে সব নিয়ে নিতে হবে। এবং জোতদারের বাড়ী হতে যেভাবে নেওয়া হচ্ছে, তাতে যদি ২০০ মণ কারও থাকে, সেই ২০০ মণই নেওয়া হচ্ছে। পরিষদের সকলেই জানেন ছায়রও হারবার অঞ্চলে শুধু আমন ধানই হয়, আউস হয় না। সেখান থেকেও December পর্য্যন্ত ফসল উঠবার সময় পর্য্যন্ত তাদের খাবার ধান না রেখে সব নেওয়া হচ্ছে। জোতদারদের বলা হচ্ছে এখন আমরা নিয়ে যাচ্ছি, তোমরা বেশী দাম দিয়ে কিনে খাও। এমন দুই একজনের ধানও নেওয়া হচ্ছে, দেখে এলাম, যাদের নিজেদের ধান নেই, ধান তারা কিনে এনে ব্যবসা করতো, তা থেকে নিজেরা খায় এবং বিক্রয় করে কিছু লাভ করে সংসারও চালায়, সেই রকমের দু'চারজনের কাছ থেকেও ধান নেওয়া হচ্ছে। এবং যে officer এইরকম করে নিচ্ছে তার নাম হচ্ছে Sudhir Kumer Bose. মন্ত্রীমহাশয়কে বল্লাম, এটা যেন তিনি তদন্ত করে দেখেন; কিন্তু এর সম্বন্ধে আমার একটা কথা বলবার আছে, ইংরেজের আমলে যদি কোন police officerএর অত্যাচারের কথা উপরওয়ালাকে বলা হতো তার মাইনে বাড়িয়ে দেওয়া হতো। অত্যাচারী নায়েবের কথা যদি জমিদারকে বলা হয়, তাহলে সে নায়েবের ম্যানেজারী লাভ হয়। আমি যে বল্লাম সেজন্য যেন সুধীর বসুর পদোন্নতি অনুগ্রহ করে না করেন, মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। আমি যে বলছি, তার কারণ আমিও অনুগত-রূপে কার্য্য করি এবং যাতে গভর্ণমেণ্টের ধান ভালভাবে procure হয়, সে চেষ্টা করি। এজন্য আমি যা বলছি, আন্তরিকভাবে বলছি, ওটা শুধু মুখের কথাই নয়। লোকের যাতে সুবিধা হয়, দরিদ্রদের কষ্ট না হয়, এবং জনসাধারণের মন আনন্দপূর্ণ হয়, গভর্ণমেণ্টের policy সেই রকমই হওয়া উচিত। সহরের জনসাধারণকে খাওয়াবার জন্য গ্রামের জনসাধারণের উপর যদি অত্যাচার হয়——

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order. The honourable member mentioned the name of a particular officer who had no means of being present in this House and answer the allegations made by the honourable member. The honourable member is certainly entitled to make his submissions before this House and criticise the Hon'ble Minister who would answer. If the honourable member had any responsible allegations to make he could have made them to the Hon'ble Minister in charge and to the Government in order to bring that person to explain his position or to defend himself. It is improper that the honourable member should take advantage of the privileges of this House in order to malign persons who cannot answer the charges. It is most improper and I think parliamentary decency requires that every member should beware of such impropriety. If the honourable member really is in possession of any facts on which he can impeach any officer, by all means let him do so by making some statements publicly outside this House or by bringing forward his case and complaints before Government and every step would be taken to redress his grievance. I therefore suggest that you should consider whether that part of the speech should not be expunged from the proceedings as an irresponsible utterance which should never have been made.

Mr. SPEAKER: As a matter of fact the proper course is not to name the officer concerned, rather the designation may be used. Of course there is no such hard and fast rule that in no case whatsoever an officer's name may be mentioned—we have not got any such rule—but it has always been thought desirable not to mention the names and this sort of allegation should not be indulged in. It is in fairness to the officers of our Government that we should not make allegations against them because they have

no right to refute those allegations. That should always be kept in view. Moreover, there is one thing more which I wish to say. This is not a general discussion on the entire policy of the Government as we generally do during the budget session. Honourable members will realise that these demands have been brought forward before this House and they should be voted specificaly upon these items and members should restrict themselves to them, and if there be any general discussion that should be more or less relevant to the demands which are being put before this House and then only we would be able to control the debate within lines which are necessary for us to do.

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, যে আপত্তিটা তোলা হয়েছে, এ সম্বন্ধে একটা difficultyর কথা নিবেদন করছি। আমিও সেদিন বলেছি কোনও একজন commandant সম্বন্ধে, কিন্তু নাম করি নাই। আমরা যখন কোন particular caseএর বিষয় উল্লেখ করে complain করি, তখন বলি অমুক জায়গার District Magistrate, অমুক জায়গার S.D.O., অমুক থানার দারোগা ইত্যাদি; এতে নাম উল্লেখ করে বলায় বা না বলায় বিশেষ কোন তফাৎ দেখি না। এতে difference যা, সে শুধু tweedledum and tweedledee যেটুকু তফাৎ মাত্র তাই। এ সম্বন্ধে parliamentary অভিজ্ঞতা যা গত ১৪ বছরে হয়েছে, তা থেকে বলতে পারি, বিচার বিভাগীয় মন্ত্রীমহাশয়, অতটা জোরে আপত্তি না করিলেই পারতেন, কারণ এ সম্বন্ধে কোন hard and fast rule থাকতে পারে না। সেজন্য এসব বিষয়ে এত touchee হবার দরকার নাই।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: What is he talking about?

Sj. SIBNATH BANERJEE: I am making submission.

Mr. SPEAKER: I have said all that I had to say. Now I find that you are going to comment.

Sj. SIBNATH BANERJEE: I am not commenting, Sir. I am only showing our difficulties. If we have to function in this House we have to mention all this.

Mr. SPEAKER: Mr. Banerjee, I see you are commenting like Mallinath.

Sj. SIBNATH BANERJEE: Not Mallinath, Sir, but like Koutilya (laughter).

Mr. SPEAKER: Now Mr. Sheo Kumar Rai will speak.

Sj. SHEOKUMAR RAI: Mr. Speaker, Sir, subsay pahley apko main yeh araz kurta hoon. Pahley bhi main ney araz kiya tha ke yehan per koie Hindi Stenographer naheen hai. Aj Hindi hamari Rastrabhasha hai aur Bengal subbishai men agun perdesh tha, parantu yehan per bhi koie Hindi Stenographer naheen hai.

Mr. SPEAKER: Well, Mr. Rai, I can tell you that there is a Hindi Reporter.

Sj. SHEOKUMAR RAI: Ab yeh general discussion men yeh kahna hai ke hum Darjeeling paranth say aey hain aur waham ka dukh takleef jo hai, aj hum Maha-Mantri aur Mantri Mandal ke agey pesh kertey hain. Pahli bat yeh hai ke Darjeeling ke rahneywaley koie khatarnak januwar naheen hain, wah bhi adhui hain. Jis tarap say Bengal men aplog rahtey hain, khatey hain, baithtey hain, usitarap say waham ke log bhi rahtey hain, khatey hain baithtey hain, parantu hum dekhtey hain ke Government ka ka sandheo wahan key logon per hamasha rahti hai, yeh hamari abhaga hai.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, you just now gave a ruling that comments of members should be with reference to the demands that have been placed before the House. I would request you to see that this ruling be followed by the members instead of having a general discussion, because in a general discussion it is difficult for the Ministers to give any reply. Neither have they the time nor have they the material to do so.

Mr. SPEAKER: I have already stated that observations of members should be confined to the demands or subjects which are before the House. Honourable members have had sufficient time to ventilate their reasonable grievances during the discussion on the Governor's speach, and I would therefore request the members to confine themselves to the matters which are before the House, i.e., the demands which are before the House.

Sj. SHEOKUMAR RAI: Tab main Darjeeling ke disaster ke barey men bolunga. Jo Road wagaira ke barey men estimate hai, yeh Roads aur Communication ke restore kerney ka jo bishai hai, isko jaldi say jaldi karna chaheay. Rasta jaldi khulna chaheay, restore hona chaheay, Keanke aney janey ka rasta abhitak naheen khula hai, is say takleef hoti hai, isko jaldi karna chaheay. Iske wajah say Govt. ko bhi nuksan horaha hai, abhi rail ka rasta motar ka rasta naheen khula hai. Pahley jo Siliguri say Darjeeling tak Rs. 1-4 mun mal jata ahyan, parantu abhi Rs. 4/- mun kharaj hota hai. Govt. ka Maheena meu kitna Crore rupea ka kheti hota hai. Yeh rasta jaldi honey say kheti rukjaiga, aur Govt. ka paisa bachega. Forest Department meu jo Govt. ney estimate kiya hai, uske taraf bhi humko jaldi dhiyan dena chaheay. Forest Department ka kam na honey ke wajah say admion ko bohut takleef hoti hai. Darjeeling ek seet pardhan desh hai aur Winter Season meu wahan koela ka pana bohut mushkil hojata hai. 8 aur 10 Ghari jo ati hai us say Sub ke Ghar meu koela naheen pahanch sakta hai aur uske liey fajar sav shan tak quene lagaker thairna parta hai. Abhi hal meu ek accident hua tha, ek larka bheen meu gar kar kuchal diya giya. Is liey iske taraf Govt. ko jaldi dhiyan dena chaheay.

Sj. KANAI LAL DE: সভাপাল মহাশয়, Supplementary Budgetএ যে দাবী আমাদের মাননীয় অর্থমন্ত্রী পবিষদে উপস্থিত কবেছেন আমি তাঁর দাবী সমর্থন কবছি। তাঁব এই দাবী সমর্থন করবার সঙ্গে সঙ্গে আমি কয়েকটী বিষয়ে আমাদের সবকারেব দৃষ্টি আকর্ষণ কবতে চাই।

এবারে পুলিশ বিভাগের জন্য আবও ৪৮ লক্ষ ৬২ হাজাব টাকা চাওয়া হয়েছে। আমরা গত বাজেটে পুলিশেব খবচেব জন্য প্রায় পাঁচ কোটী টাকা মঞ্জুব কবেছি। পুলিশেব কাজ এখন অনেক বেড়ে গেছে। সুতবাং টাকা প্রয়োজন হতে পারে। পুলিশেব জন্য আবশ্যকীয় টাকা খবচ কবা হোক--দেশেব লোক তাতে বিশেষ কিছু ক্ষোভ প্রকাশ কবে না; কিন্তু পুলিশের কাজ সুচারুরূপে হোক্--পুলিশ তাদেব রক্ষক হোক, এ দাবী জনসাধারণের আছে; সে বিষয়ে আমাদের সবকাবের অবহিত হওয়া প্রয়োজন।

চোবাকারবার যেরকম দিন দিন বেড়ে চলেছে তাব ফলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে, দেশে এখন সব থেকে অসন্তোষেব কাবণ হচ্ছে চোবাকারবার, সেই চোরাকারবাব পুলিশ কি রকমভাবে দমন করছে, আমাদের সরকার যেন সেদিকে সজাগ দৃষ্টি দেন। পুলিশেব থাকবার বাড়ী হোক, তাদেব কাজেব জন্য আসবাবপত্র দেওয়া হোক, তাদের dearness allowance বাড়ানো হোক আমাদের কোন আপত্তি নাই। কিন্তু পুলিশ কর্ম্মচাবীবা গভর্ণমেণ্টের কাছ থেকে বেশী বেশী বেতন পেয়েও যেন উপরি পাবাব জন্য উদগ্রীব না হয়, তাদের ন্যায্য বেতনে সন্তুষ্ট থেকে তারা যেন তাদের কর্ত্তব্য পালন কবে দেশবাসী এইরূপ আশাই করে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে পুলিশ তাদের কর্ত্তব্য পালন কবছে না, গত মার্চ মাসে সাম্প্রদায়িক দাঙ্গাব সময় পুলিশ কোন কোন স্থানে কর্ত্তব্য পালন করে নাই, কোন কোন ক্ষেত্রে পুলিশ উদাসীন ছিল এবং কোন কোন পুলিশ কর্ম্মচারী সাহায্য করেছিল এমন কথাও শোন যায়। আমি দেখেছি কোন কোন পুলিশ কর্ম্মচারীরা কংগ্রেস ও কংগ্রেসী সরকারের বিরুদ্ধেও নানারকমভাবে অসন্তোষ প্রকাশ করে। এমন কি বহু ক্ষেত্রে তারা কংগ্রেস কর্ম্মী ও কংগ্রেসের লোককে গালাগালিও দেয় এবং

গভর্ণমেণ্টের বিরুদ্ধে নানারকম slogan উঠিয়ে আনন্দ উপভোগ করে। পুলিশ বিভাগের যিনি মন্ত্রী আছেন, তাঁর দৃষ্টি এবিষয়ে আকর্ষণ করবার চেষ্টা করছি। জনসাধারণের মধ্যে আজকাল মন্ত্রীরা সহজভাবে যেতে পারেন না, তাঁদের সশস্ত্র রক্ষী পরিবৃত হয়ে যেতে হয়। সেজন্য জনসাধারণের সঙ্গে আগে তাদের যে প্রাণের যোগা-যোগ ছিল তা অনেক কমে গেছে বলে তাঁরা জনসাধারণের প্রাণের ব্যথা জানতে পারেন না। প্রচ্ছন্নভাবে সাধারণ-লোকে না চিনতে পারে এমনভাবে সাধারণ লোকের মত যদি তাঁরা বাইরে যাতায়াত করেন, ও মেলামেশা করেন তাহলে তাঁরা সেখানে দেখতে পাবেন পুলিশের দুর্নীতির বহর কিরকম বেড়ে গেছে। আমার অনুরোধ আমাদের সরকার যেন তাদের ও কংগ্রেসের সুনাম রক্ষা করবার জন্য এদিকে দৃষ্টি দেন।

তারপর আমি Civil Works সম্বন্ধে কিছু বলতে চাই। সেখানে দেখছি ৪২ লক্ষ ২০ হাজার টাকা মঞ্জুরী চাওয়া হয়েছে। অবশ্য এটা দার্জিলিং ও জলপাইগুড়িতে ভূমিকম্পে যে সব রাস্তাঘাট ভেঙ্গে গেছে, সে সকলের মেরামৎ খরচ বাদ দিয়ে Civil Worksএ টাকা নেওয়া হোক। Civil Worksএ অনেক কিছু খরচ করবার প্রয়োজন আছে। কতকগুলি রাস্তাঘাট তৈরী হচ্ছে এবং আরও অনেক রাস্তা বিশেষতঃ পল্লী অঞ্চলের যাতায়াতের ব্যবস্থা হওয়া আবশ্যক। এই Civil Works সম্বন্ধে--একটা বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাঁকুড়া সহরের দক্ষিণ দিকে দ্বারকেশ্বর নামে একটী নদী আছে। সেই নদীর উপর একটা সেতুর জন্য গত চার বছর পুনঃপুনঃ সরকারের দৃষ্টি আকর্ষণের ফলে একটা সেতু নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। একটা ঠিকাদার কোম্পানী তার contractও পেয়েছিল। সরকার থেকে কিছু "রড়" ও সিমেন্টও সেখানে পাঠান হয়েছিল। কিন্তু বাঁকুড়াবাসীর দুর্ভাগ্য! বর্ত্তমানে সেই সেতু নির্ম্মাণ পরিকল্পনাটী পরিত্যক্ত হয়েছে। এবং যেসব মালমশলা সেখানে পাঠান হয়েছিল, আবার তা সরিয়ে আনা হয়েছে। দু-দুবার অযথা টাকা খরচ হ'ল। এই সেতুটী সরকারের শাসনকার্য্যের জন্যও অত্যন্ত আবশ্যক। বর্ষাকালে দ্বারকেশ্বর নদের ওপারে হঠাৎ কোন গোলমাল হলে পুলিশ বা সশস্ত্র ফৌজ পাঠাবার প্রয়োজন হ'লেও সহজে তা সম্ভব হয় না। সম্প্রতি আমাদের পুলিশ বিভাগের ভারপ্রাপ্ত শ্রমিকমন্ত্রী সেখানে গিয়েছিলেন। তাঁর ওপারে যাবার প্রয়োজন ছিল। কিন্তু সেতু না থাকায় তিনি আর দ্বারকেশ্বরের ওপারে যেতে পারলেন না। নামমাত্র একটা যে সেতু ছিল নদীর প্লাবনে সেটাও ভেঙ্গে গেছে। সুতরাং অন্যান্য কাজের সঙ্গে তুলনায় এই ব্রীজটা শাসনকার্য্যের জন্যও অত্যাবশ্যক এবং জনসাধারণের যাতায়াতের সুখসুবিধার জন্য অত্যন্ত আবশ্যক। জনসাধারণের সুখসুবিধা দেখা আমাদের অবশ্য কর্ত্তব্য। সেই-জন্য অনুরোধ করছি যেন ব্রীজটা এই বছরে নিশ্চয়ই করা হয়।

এই সেতু সম্বন্ধে একটা কথা প্রচার হয়েছে বাঁকুড়া জেলায়--গভর্ণমেণ্টকে সে বিষয়ে সত্য নির্দ্ধারণ করতে অনুরোধ করছি। গুজবটা এই যে, একজন বাস্তুকারের পছন্দমত ঠিকাদার এই ঠিকা না পাওয়ায়, তুচ্ছ-অছিলায় এই ব্রীজ তৈরীর পরিকল্পনা পরিত্যক্ত হয়েছে। এটা কতদূর সত্য, সে সম্বন্ধে ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় যেন অনু-সন্ধান করেন। (Hon'ble KALIPADA MOOKERJI: গুজবে বিশ্বাস করিবেন না।)

Outside the Revenue Accountএ যে টাকা চাওয়া হয়েছে, তা আমাদের দিতে হবে। এতে দেখি cattle সম্বন্ধে, চাষের বলদ কিনবার জন্য চাষীদের কিছু টাকা দেওয়ার ব্যবস্থা হয়েছে। আমাদের বাঁকুড়া জেলায় গত বৎসর থেকে বহু চাষী বলদ কিনবার টাকার জন্য দরখাস্ত করেছে, আজ পর্য্যন্তও অনেকে সে টাকা পায় নাই। চাষীরা গত বৎসর বলদ কিনতে পারেনি। এবছর যেন তাদের সেই টাকা দেওয়া হয়। এবিষয়ে যেন সরকার একটু দৃষ্টি দেন।

আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে বাঁকুড়া শুভঙ্করী Schemeও বিড়াই Schemeএ যে সমস্ত গরিব লোকের জমিজায়গা, ঘরবাড়ী নেওয়া হয়েছে, তাদের claim চূড়ান্ত নিষ্পত্তির আগে যেন কিছু টাকা অগ্রিম দেওয়া প্রয়োজন অন্যথা তারা ঘরবাড়ী তৈরী করতে পারবে না। আমি এইদিকে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কয়টী কথা বলে আমি এই অতিরিক্ত টাকার দাবী সমর্থন করছি।

Sj. SIBNATH BANERJEE : মাননীয় স্পীকার মহোদয়, যে Supplementary বাজেট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে, সে সম্বন্ধে আমি একটু আগেই আপনাদের সামনে কিছু নিবেদন করেছি। আপনাদের একটু আগেই বলেছি যে প্রদেশপালমহোদয় যে বক্তৃতা করেছেন সে সম্বন্ধে general discussion করবার সুযোগ আমাদের হয়েছিল। কিন্তু মুস্কিল হচ্ছে যে তাতে Labour সম্বন্ধে বিশেষ কিছুই ছিল না। Labour Minister ঘণ্টা খানেক বক্তৃতা করেছেন এবং তার বক্তৃতার সঙ্গে প্রদেশপালমহোদয়ের সম্বন্ধ আছে, আগে যদি বলতেন তাহলে কিছু উত্তর দিতে পারতাম। কাজেই আমাদের যে অসুবিধা রয়েছে,

Oppositionএর এই অসুবিধার জন্য Speaker হিসাবে তিনি যেন আমাদের এই সুবিধা দেন। এই Supplementary বাজেটে যে কিছু কিছু omission আছে সেটা আমরা discuss করতে পারতাম। এখানে প্রধান মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ যে ধুবলিয়া সম্বন্ধে আমি যা দাবী করেছিলাম তার একটা step তিনি নিয়েছেন। তারা এইটা Tribunalএ দিয়েছেন। কিন্তু তার মধ্যেও কিন্তু আছে। সেখানে Commandant সম্বন্ধে কিছুই নাই। তার আগেও অনেক যায়গায় অনেক campএ লোকে ৩।৪ দিন ঘুরেও ration card পায় না। এইভাবে হামেসাই তারা ration পাচ্ছে না। এই ration যাতে পায় তার বন্দোবস্ত করা উচিত। অনেক যায়গায় ছেলেমেয়েরা আরো অনেক অভিযোগ করেছে। আমি আশা করি এই সম্বন্ধেও তদন্ত হবে এবং তাদের অভিযোগ দূর করবার চেষ্টা হবে। কারণ যেভাবে তাড়াতাড়ি trialএর ব্যবস্থা হয়েছে, তার ফলে মনে হয় এই Government দোষী ধরতেও না পারলে কোন কোন ক্ষেত্রে Government কিছুটা ব্যবস্থা অবিলম্বে করতে পারেন। লাক্সিলিং সম্বন্ধে বাজেটে যা ধরা হয়েছে তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। কিন্তু আমার মনে হয় সেটা যথেষ্ট হয় নাই। একটা যায়গায় বৃষ্টির জন্য land slide হয়েছে এবং এখানে বলা হয়েছে যে ২০।৩০ জন লোক নিযুক্ত করা হয়েছে repairএর জন্য। কিন্তু তার কোন প্রয়োজন ছিল না। কারণ এই অবস্থায় মিলিটারীর সাহায্য নেওয়া যেতে পারতো। তারা ২৪ ঘণ্টার মধ্যেই একটা ব্রীজ তৈরী করে দিতে পারে। এবং সেখানে আসাম link—আসাম, বাংলা দেশ ও বিহারের মধ্যে যোগাযোগ নষ্ট হয়ে যাওয়ায় সেখানে আরো vigorous action নেওয়া উচিত ছিল। তার জন্য যদি বেশী টাকা চাওয়া হোত তাহলে সেটা সমর্থন করতাম। সেখানে Government অত্যন্ত ভয়ে ভয়ে এগুচ্ছেন, সেটা তাদের পক্ষে খুব গৌরবের নয়।

আর একটা জিনিষ, যেটা আমাদের প্রধান অসুবিধা--জিনিষপত্রের দাম বেড়ে গিয়েছে, সে সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয় নাই। আর দুইটা কাজ করা উচিত। যারা কাজ করছে তাদের dearness allowance দেওয়া এবং আর একটা black marketing বন্ধ করা—যাতে জিনিষপত্রের দাম না বাড়ে তার চেষ্টা করা, এই দুইটা সম্বন্ধে কোন ইঙ্গিতই পাচ্ছি না। এই সঙ্গে আর একটা কথা মনে পড়ে গেল। বর্ত্তমান মন্ত্রীমহাশয় বলেছেন যে সুরেশবাবুর সময় মাত্র ৬৬টা Tribunal হয়েছে এবং তার সময় হয়েছে তার অনেকগুণ বেশী। কিন্তু আপনারা যদি প্রণিধান করে দেখেন তাহলে দেখবেন যে ঐ যে ৬৬টা তার মধ্যে তিনটাতেই অন্ততঃ ৫ লক্ষ লোক involved ছিল। এবং তার এই যে বহুসংখ্যক পুঁচকে পুঁচকে Tribunal তার চেয়ে অনেক বেশী লোক ছিল ঐ ৬৬টা Tribunalএর মধ্যে involved. Tribunal সম্বন্ধে যে নীতি আমাদের বর্ত্তমান মন্ত্রীমহাশয় গ্রহণ করেছেন সেটা মোটেই justified নয়।

Speaker মহোদয়, আমাকে কতটা সময় দেওয়া হবে?

Mr. SPEAKER : You will be given 10 minutes.

Sj. SIBNATH BANERJEE : That will be very insufficient. I shall again quote May's Parliamentary Practice, there is no guillotine in the supplementary budget.

Mr. SPEAKER : Yes, you go on.

Sj. SIBNATH BANERJEE : I shall require half-an-hour. এই Tribunalএর নীতি হয়ে যে একবার হয়ে গিয়েছে।

Mr. SPEAKER : There is no demand for Labour.

Sj. SIBNATH BANERJEE: I am speaking because there is no demand. There should have been a demand by the Labour Minister for dearness allowance. For the omission to have that demand I am raising this question. There should have been a demand. The omission to raise the dearness allowance is a betrayal of the working classes.

এখানে দেখা যাচ্ছে যে বর্ত্তমান Government এই Supplementary বাজেটে record publish করবার জন্য টাকা চেয়েছেন। কিন্তু এখানে বলা দরকার যে তারা Government employeeদের জন্য কিছুই করে নাই। Writers' Buildings বা Government Houseএর চাপরাসীরা ৫০৲ টাকা বেতন পায়। তারা এই টাকায় কিছুতেই বেঁচে থাকতে পারে না। Day-to-day তারা মরে বাচ্ছে।

It is slow death inflicted on the workers. তারা সেটা দেখতে পাচ্ছেন না। কোরিয়ার যুদ্ধের জন্য সব জিনিষের দাম বেড়ে গিয়েছে। তখন immediate necessity হচ্ছে তাদের dearness-allowanceএর সুবাহা করা। কিন্তু এখানে তারা fail করেছে।

Mr. SPEAKER: Mr. Banerjee, you cannot discuss it. If you refer in a cursory way I shall not object but if you wish to make it a subject for discussion, certainly I cannot allow you. It is the Crown who demands the grant; you cannot force the Crown to ask for more. There is a limit to a discussion. When a supplementary demand is presented you cannot be allowed to go over the same subject again and again. Therefore if you wish to say something which is relevant to Labour I will permit certain amount of latitude, but please do not make it a main subject of discussion.

Sj. SIBNATH BANERJEE : আপনাকে ধন্যবাদ, মাঝে মাঝে মনে করিয়ে দেবেন কখন আমি বেফাঁস বলে ফেলি। ছয় মাস পরে opportunity পেয়েছি তাই বলছি।

I. N. T. U. C সম্বন্ধে বলতে পারি যে মন্ত্রীমহাশয়েরা এর সঙ্গে সংশ্লিষ্ট আছেন। I. N. T. U. C.র মধ্যে গলদ বেশী। এখানে তিনি বলেছেন যে শ্রমিকরা এইসব strikeএ কোথাও যোগ দেয় নাই, তার প্রমাণ তাঁরা পেয়েছেন ১২ই তারিখে। আমি বলতে চাই যে এইসব ধরপাকড়ের জন্যই বেশী strike হয়েছে। Port Commissionerএ strike হোত না কিন্তু Unionএর Presidentকে ধরার জন্যই সেখানে strike হয়েছিল এবং এখানে হয়তো প্রধান মন্ত্রীমহাশয় নাও জানতে পারেন কারণ শ্রমিকমন্ত্রীমহাশয়ের পক্ষে তাকে ধাপ্পা দেওয়া চলতে পারে কিন্তু তিনি জানেন কোথায় কোথায় আমাদের influence ছিল এবং যেখানে যেখানে influence ছিল তার প্রত্যেক যায়গাতেই strike হয়েছে, একমাত্র Tram বাদ দিয়ে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Are we discussing the labour reunion or labour policy? Let us have some limit to our discussion.

Mr. SPEAKER: I have already stated that the honourable member should not make it a main subject. I find Mr. Banerjee is referring to it again and again. I have got to prevent him from speaking further on Labour.

Sj. SIBNATH BANERJEE: If I am out of order I will certainly be guided by you.

Mr. SPEAKER: But in the speeches so many irrelevant things are said. If I am to pull up every member for irrelevant things it will be very difficult to carry on. Therefore I allow a certain amount of latitude when members are speaking but there must be some limit to irrelevancy. Labour matter is not before you; you have not spoken a single word about Land Revenue, Forest or Police.

Sj. SIBNATH BANERJEE: I am coming to that.

Mr. SPEAKER: If you discuss irrelevant matters you will excuse me if I cannot allow you.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Is there no time limit for any member speaking on a supplementary budget?

Mr. SPEAKER: Generally it is made by agreement or if the Speaker thinks that sufficient discussion has taken place.

Sj. SIBNATH BANERJEE: আপনার এই ruling মাথা পেতে মেনে নিচ্ছি কিন্তু একটা কথা নিবেদন করবো।

Mr. SPEAKER: So much time will be taken out.

Sj. SIBNATH BANERJEE: It is not a matter of time being wasted. The other day you said that I wasted the time. I think whatever we are doing is wasting time and wasting money, but that is neither here nor there.

আমি বলছি যে মন্ত্রীমহাশয়েরা যখন irrelevant কথা বলেন তখন যদি বাধা দেওয়া হয় তাহলে আমাদের আর কথা বলতে হয় না।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: It is a reflection on the Chair.

Mr. SPEAKER: Mr. Banerjee, I am sorry you are saying something which you should not say. The position is this: if I am strictly allowing members to speak relevant to the subject, you will find it very hot.

Sj. SIBNATH BANERJEE: We do not mind; we shall welcome it.

Mr. SPEAKER: You do not but many of the members will find it difficult.

Sj. SIBNATH BANERJEE: But then all the others will be prevented from saying irrelevant things.

Mr. SPEAKER: They will be prevented but in a House of Legislature where everybody is not a lawyer and everybody does not understand the rules of relevancy I cannot be so strict as with the lawyers in a court of law. Therefore a certain amount of latitude has always been allowed and I have allowed it so that the speeches of the honourable members may not be interrrupted too much, but you must remember—after all you are an old parliamentarian—that you must make it relevant to the subject. Even if a subject is irrelevant the parliamentary procedure is that you must make it relevant. You have spoken for 10 or 12 minutes on a subject which is not relevant and not a word has been said about what is relevant. Please therefore speak on the subject which is relevant.

Sj. SIBNATH BANERJEE: ফুড সম্বন্ধে এখন বলাযাক। তাহলেই land revenue—

Mr. SPEAKER: There is no demand for food.

Sj. SIBNATH BANERJEE : I shall make it relevant if you listen for one minute. Land systemএর উপর আমাদের food সম্পূর্ণরূপে নির্ভর না করলেও অন্তত: 95 per cent. নির্ভর করে। জমিদারী system যদি abolished না হয় তাহলে food যথেষ্ট হবে না। কথাটা অন্যভাবে put করছি। Land developmentএর জন্য যে সমস্ত খরচ করা দরকার, সেটা করা হলে, আমরা সর্বান্ত:-করণে সমর্থন করতাম। গভর্ণমেণ্টের গত বাজেটে যা উল্লেখ করা হয়েছিল সে সম্বন্ধে কিছু না করে যা বলেছেন, তা eyewash ছাড়া আর কিছু নয়। সুতরাং আমার আশঙ্কা যে গভর্ণমেণ্ট Land Revenue সম্বন্ধে যা করতে চেয়েছিলেন বলে প্রকাশ করেছিলেন সেটা যে করা হয়নি তার কারণ এখন তাঁরা সেটা করতে চাননা।

তারপরে Civil liberty সম্বন্ধেও দুই একটি কথা বলবো। কারণ পুলিশের জন্যও বাজেটে ওরা টাকা চেয়েছেন।

Mr. SPEAKER: Mr. Banerjee, the House will stand adjourned for 15 minutes. After that please finish your speech in five minutes. I have already given you 15 minutes' time. Please condense your speech.

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After adjournment.)

Sj. SIBNATH BANERJEE: Mr. Speaker, Sir, may I suggest that mikes may be given on the front bench? It is for the Speaker to decide.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Can he speak on the mikes in connection with this supplementary grant?

Mr. SPEAKER: Order, order. Mr. Banerjee, will you go on?

Sj. SIBNATH BANERJEE : আমি Civil liberty সম্বন্ধে বলছিলাম। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে পুলিশ বাজেটে আর অতিরিক্ত বাড়ান কোন প্রকারেই যুক্তিসঙ্গত নয়। কারণ পুলিশের জন্য যে টাকা বরাদ্দ হয়েছে সেটা অপব্যয় হচ্ছে। পুলিশ-মন্ত্রী যিনি হবেন, এখন যেমন আমাদের চিফ্ মিনিষ্টার হয়েছেন, তিনি ভাবেন যারা শ্রমিকদের সম্বন্ধে কথা বলেন, তাদের subversive activities হয়ে গেল, অতএব তাদের internment কর, externment কর—এবং পুলিশের হল এই কাজ। আমি একটা instance দিচ্ছি, হাওড়া মিউনিসিপ্যালিটিতে মানস দাস বলে একজন শ্রমিক, সেখানে শ্রমিকদের সংগঠন করে একটি শ্রমিক ইউনিয়ন করেন, তার জন্য তাকে ১২ তারিখের হরতালের নাম করে ধরে নিয়ে যাওয়া হয়েছে। এই হরতালের সঙ্গে তার কোন সম্পর্ক ছিল না, তথাপি তাকে ছাড়া হচ্ছে না। তাকে এখনও পর্য্যন্ত ছাড়া হচ্ছে না, তার কারণ সরকার মনে করেন হাওড়া মিউনিসিপ্যালিটি একটা অন্যায়, illegal কাজ করেছে এবং যারা support করেছে তারাও দোষী। ১৯৪৬ সালে সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার সময় বহু শ্রমিক কর্ম্মচারী-দের একটি বাড়ীতে রাখা হয় এবং তার জন্য প্রায় তিন লক্ষ টাকা rent হিসাবে পাওনা হয়। আজকে হাওড়া মিউনিসিপ্যালিটি এই তিন লক্ষ টাকা rent যা হয়েছে সেটা ফাঁকী দিতে চাচ্ছেন এবং তা support করছেন প্রধানমন্ত্রীমহাশয়।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR : On a point of order, Sir. Can the same speech be delivered again and again on different occasions? This part of his speech has been delivered already—this Howrah Municipal strike.

Mr. SPEAKER : That is no point of order. Yes, Mr. Banerjee.

Sj. SIBNATH BANERJEE : I think the Hon'ble Minister is entirely wrong. It was not delivered. It is your imagination, hallucination. হাওড়া মিউনিসি-প্যালিটি Bengal Governmentএর প্রায় তিন লক্ষ টাকা মেরে দেওয়ার চেষ্টায় আছে। শ্রমিকদের নিয়ে গিয়ে রেখেছিল illegal Strikeএর অজুহাতে এবং শ্রমিকদের সঙ্গে মানস দাস সংশ্লিষ্ট ছিলো বলে তাকে ছাড়া হচ্ছে না। এই হ'ল পুলিশের বর্ত্তমান রূপ। সুতরাং এই যদি পুলিশের রূপ হয় তাহ'লে বর্ত্তমানে তাদের জন্য আর টাকা খরচ করা কোন মতেই উচিত নয়। তবে যদি তাঁরা একথা বলতেন যে সেন্ট্রাল গভর্ণমেণ্ট বলেছেন ঐ frontierএর জন্য আরও পুলিশের দরকার এবং তার জন্য আরও টাকার দরকার তাহলে আমাকে একথা বলতে হ'ত না। কিন্তু বর্ত্তমানে পুলিশের যে কার্য্যাবলী আমরা দেখতে পাচ্ছি এবং প্রধান মন্ত্রীমহাশয়ের আজকে questions and answersএর সময় এবং আগের দিনে Asansol ও Kultir questions and answersএও যা দেখেছি সেই পুলিশের যে নীতি, জনসাধারণের উপর পুলিশের যে দরদ তার জন্য এক পয়সাও পুলিশের জন্য খরচ করা উচিত নয়।

আজকে পুলিশের জন্য যে টাকা sanction করা হয়েছে সেটা cancel করতে পারি না বলেই কিছু করতে পারছি না। আজ আর পুলিশখাতে টাকা দিতে মোটেই রাজী নই। মহাজাতিসদন সম্পর্কে টাকা চাওয়া হয়েছে, এবং এর আগেও টাকা নেওয়া হয়েছে অথচ তিন বছর হয়ে গেল মহাজাতিসদনের কাজ সম্পন্ন হল না। মহাজাতিসদনের সঙ্গে আমাদের বাংলাদেশের কেন বলি সমস্ত পৃথিবীর লোক জানে বিশ্বকবি রবীন্দ্রনাথ এবং নেতাজী সুভাষচন্দ্রের স্মৃতি বিজড়িত। আজও সেই মহাজাতিসদন তৈরী না হয়ে পড়ে রয়েছে। তার জন্য এখন সাপ্লিমেন্টারী বাজেটে টাকা চাচ্ছেন—এটা আমাদের এসেম্বলীর সকল মেম্বরের পক্ষেই লজ্জার কথা, এবং তার চেয়েও বেশী লজ্জার কথা বর্ত্তমান মন্ত্রিমণ্ডলীর পক্ষে। দিল্লী, বোম্বাই প্রভৃতি অন্য কোন দেশ হলে তাঁদের জন্য statues তৈরী হ'ত। মহাজাতিসদন একটি খুব ভাল purposeএ করা হয়েছিল এবং সেটা বিশ্বকবি রবীন্দ্রনাথ আরম্ভ করে গিয়েছিলেন কিন্তু বড়ই দুঃখের বিষয় সেটি আজও বর্ত্তমান মন্ত্রিমণ্ডলী শেষ করতে পারছেন না। সেইজন্য তাঁরা টাকা নিয়ে কি করবেন তাতে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। হয়ত মহাজাতিসদনের সামনে ত্রিকোণ পার্কে সর্ব্বসাধারণের জন্য এক হাসপাতাল করে বসবেন, যে পার্কে নেতাজীর একটি মর্ম্মর মূর্ত্তি স্থাপন করা উচিত, কিন্তু তা হচ্ছে না। তাঁরা এটা যদি করতেন তাহলে বুঝতাম হয়ত তারা

এই টাকা মহাজাতিসদনের জন্য খরচ করবেন। বাংলাদেশে জনসাধারণের নাড়ী ডাঃ রায় বোঝেন না, তা যদি বুঝতেন তাহলে বলতেন যে যত শীঘ্র সম্ভব এই Stateএ মহাজাতিসদন প্রস্তুত করা হোক। এবং দেশের লোক তাঁকে ধন্যবাদ জানাত। কিন্তু তিনি যেভাবে কাজ করছেন তাতে ধন্যবাদ দেবার কিছু নেই। তবে যে কাজ আরম্ভ হয়েছে সেটা complete করা দরকার সেইজন্য বেশী আর নিন্দা করা গেলনা (laughter. A VOICE : ওকি আপশোষ হচ্ছে)। শ্রমমন্ত্রীমহাশয়ের কথাটা আবার এসে পড়ে—বোনাস্ সম্বন্ধে প্রশ্ন করা হয়েছে। আমরা জানতে পারলাম নূতন যে ট্রাইবিউনাল করা হয়েছে তাতে বোনাসের উল্লেখ নেই। Jute Mills Association এই bonus সম্বন্ধে কোন আপত্তি করেনি তথাপি মন্ত্রীমহাশয় তিন কোটী টাকার bonus যেটা তারা পেত, তা থেকে তাদের বঞ্চিত করেছেন। আশা করি শ্রমমন্ত্রীমহাশয় ও প্রধান মন্ত্রীমহাশয় তাঁদের policy বদলাবেন এবং I. N. T. U. C.র চাপে পড়ে কিছু করবেন না।

(At this stage the blue light was lit.)

আমাকে আরও ১০ মিনিট সময় দেওয়া হোক।

Mr. SPEAKER: I gave you a warning to finish your speech in five minutes. There are other members who want to speak; so I cannot allow you any more time.

Sj. SIBNATH BANERJEE: Then I shall sit down now. Then when there will be no speaker, I shall speak again.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: May I suggest that the room may be left open for him when we will all leave the Chamber, so that he can go on speaking whole night (laughter).

Mr. SPEAKER: When the demands for grants will be taken up, you will have another opportunity to say what you have still got to say. Please finish it now.

Sj. SIBNATH BANERJEE : আর তিনটী main point আছে। তার একটী হচ্ছে refugee সম্বন্ধে তাঁরা যে টাকা চেয়েছেন, আমি আগেই বলেছি সেটা খুব ভাল। Studentদের জন্য কিছু টাকা খরচ করছেন। প্রধান যে সমস্যা—refugee rehabilitation—সে সম্বন্ধে তাঁরা কিছু বলেন নাই। প্রধান মন্ত্রীমহাশয়ত চটে-মটে সেদিন বলেছিলেন তাদের উপর confidence নেই। হ্যাঁ, তা থাকলেত তাঁর পাশেই একজন মন্ত্রী হয়ে বস্‌তাম। সেটা ঐ confidenceএর অভাবের জন্য নয়, আমার Confidence আছে বলেই মন্ত্রীদের ভুলত্রুটী পরিষ্কার করে তাঁদের মুখোস খুলে দেশের সামনে রাখছি, তিনি বলেছেন যে ৯০ হাজার ঘর তৈরী হয়ে বেরিয়ে গেছে। সেখানে কম করে থাকলেও সাড়ে চার লক্ষ লোক থাকতে পারে। কিন্তু সে জায়গায় এগার লক্ষ লোকের পুনর্বাসন সম্ভব হলো কি করে? সে ঘরগুলো এমন যে বাতাসে উড়ে যায়, বৃষ্টি হ'লে ছাদ দিয়ে জল পড়ে। সে ঘর যদি ডাঃ রায়ের ঘরের মত বা অন্যান্য মন্ত্রীদের ঘরের মত বলেও ধরে নিতাম তাহ'লেও তা যথেষ্ট নয়। তাদের পুনর্বাসনের জন্য হয় জমি দেবেন, না হয় কাজ দেবেন, তার কোন উল্লেখ এখানে নাই। আমি শুনতে চেয়েছিলাম তাদের কতজনকে জমি ও কাজ দেওয়া হয়েছে যার উপর তারা নির্ভর করে জীবনধারণ করতে পারে? তা না করে refugeeদের সম্বন্ধে তাঁরা একটা bluff দিয়েছেন। সেটা bluff ছাড়া আর কিছুই নয়। Refugee problemটা এত বড় ও ব্যাপক যে এরকম problem কোন দেশকে কখনও face করতে হয়নি। কিন্তু এই সঙ্গে এটুকুও বুঝতে পারছি যে তাঁরা এবিষয় বেশী কিছু করতে পারেননি। যেটা তাঁরা পারেন নাই, তার জন্য তাঁরা আবার বাহবা নিতে চান। তা দেশের লোক তাঁদের দেবে না। এর জন্য বরং দেশের লোক তাঁদের নিন্দা করবেন। (A VOICE : আচ্ছা, দেখা যাবে।) হ্যাঁ, দেখবেন। Black-marketingএর সম্বন্ধে কিছু বলতে গেলেই পুলিশের কথা এসে যায়। তারা এই black-marketing বন্ধ করছেন না। প্রধান মন্ত্রীমহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি প্রথমে black-marketing বন্ধ করবার জন্য বিহার গভর্ণমেণ্ট কিছু করেনি; তারপরে যখন সেখানকার জনসাধারণ picketing করবার ধমক ও হুঙ্কার দিল, তখনই সঙ্গে

সঙ্গে আমরা দেখতে পাচ্ছি, জানি না হবে কি না, তাঁরা বলছেন black-marketeerদের আমরা preventive detention করবো। আমরা যে দাবী করেছিলাম, সেই দাবীর প্রতিধ্বনি বিহারে শুনতে পাচ্ছি। আমি মন্ত্রিমণ্ডলকে সতর্ক করে দিতে চাই

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER: Order, order, Mr. Banerjee. Your time is up.

Sj. SIBNATH BANERJEE: But I should be allowed to finish my sentence. That is the parliamentary practice all over the world.

Mr. SPEAKER: Mr. Banerjee, when the red light is there, a member has to stop wherever he is. When the blue light is there a member has an opportunity to conclude his speech. Now you may conclude your sentence.

Sj. SIBNATH BANERJEE : আবার গোড়া থেকে বলবো। আমি প্রধান মন্ত্রীমহাশয়কে ও মন্ত্রিমণ্ডলীর যারা উচ্চৈঃস্বরে হাস্য করছেন তাঁদের আমি সতর্ক করে দিতে চাই যে বিহারে যা হয়েছে, আমাদের এই বাংলা দেশে যদি black-marketeerদের তাঁরা সায়েস্তা না করেন, তাদের যদি preventive arrest করে ধরে ধরে না নিয়ে যান, তাহ'লে picketing এমনভাবে হবে, তা যে শুধু black-marketeerদের ঘরে ঘরে হবে, তা নয়, আমাদের মন্ত্রীদের ঘরে ঘরেও হবে। এই কথা আমি সোসালিষ্ট পার্টির তরফ থেকে তাঁদের জানিয়ে দিতে চাই।

Janab Syed BADRUDDUJA: Mr. Speaker, Sir, supplementary estimates are always presented to this House in the midst of financial years. Naturally therefore, we find it very difficult to have sufficient details just to have a correct picture, a correct idea of the financial implications of the various provisions made therein. But there can be little discussion over this question as Government have no other alternative, because Government have no agency which can anticipate any unforeseen expenditure. Sir, the Hon'ble the Finance Minister deserves our congratulation for some of the salutary provisions he has made, viz., the provision of Rs. 56,41,000 for dispersal of students from Calcutta institutions to colleges and institutions that are being set up in mofassil areas in pursuance of the dispersal scheme. Nothing can be more commendable than this because people who have been displaced from their home and hearth and cut-off from the moorings of life, practically find themselves in the wide sea. The Government of West Bengal, more especially the Finance Department, do therefore deserve our congratulations for their sympathies for the unfortunate students who are the future hope of the country. I come to another provision of Rs. 50 lakhs included in the estimate for creation of contingency fund for West Bengal. This may provide against difficulties in future so that we may, when we pass through lean years, utilise the accumulated fund under this head, that fund may then come to our rescue.

As regards the other provisions it is not possible for me within the short time at my disposal to discuss all the items. There are other provisions in the supplementary estimate which are not of a very controversial character, as for example, the provisions made for Land Revenue, Industries and Civil Works under which additional sums have been provided on account of land slides in and around Darjeeling. So far so good. But coming to the Police budget I am rather amazed that another half a crore has been provided. I will give you some figures which will clearly show the amount of money that has been squandered away for the police establishment in West Bengal. In the Financial Statement of 1950-51, many members pointed out that expenditure under this head had increased out of all proportion. In the year 1942-43, the year of serious August disturbances in Bengal and all over India, when the Congress leaders were arrested, only Rs. 2,48, lakhs

was provided for the whole of Bengal whereas in 1945-46 the provision was Rs. 3,58 lakhs and odds and that for 1946-47 Rs. 4,76 lakhs and odds for the whole of Bengal. For one-third of Bengal on that computation the provision ought to have been Rs. 119 lakhs for 1945-46 and for 1946-47 Rs. 1,59 lakhs. But we provided Rs. 4,62 lakhs and odds for 1949-50 and more than that amount for 1950-51. Now again we are being asked to provide more than Rs. 48 lakhs in the supplementary estimates and for what purpose? For the inefficiency of the Police Department, for the police administration having failed to protect the people, failed to protect the civil liberties of the people, for having failed to protect the home and hearth of the people, for having failed to protect the lives and honour of the people, and more especially of the Muslim minority. The Hon'ble the Chief Minister took exception to my remark that the police had failed to protect the minority. It is not the first time that I mention this. Time and again I have stated, restated, and emphasized on the floor of this House and outside, before the Chief Minister and the Commission of Enquiry that the entire police administration had practically broken down. So far as Muslims were concerned I can give not one or two instances but thousands of instances to show how the police administration had been carried on in West Bengal. Take, for instance, the district of 24-Parganas. I will show how the police functioned there while the people were being tortured, looted, plundered, robbed of their properties and possessions under this very civilised Government. I shall now cite some of the incidents. On the 1st of February, 1950, there was an occurrence in village Arakpore, Tollygunge, 24-Parganas; on the 3rd February in village Shamnagar, Noapara, 24-Parganas; on the 4th February, in village Chandanpukur, 24-Parganas and in the Zamindari *Bustee*, Kakrastan Road, 24-Parganas; on 5th February in village South Station Road, Dum Dum, 24-Parganas; on 6th February in Jessore Road, Dum Dum, 24-Parganas; on 8th February in village Gorabazar, Dum Dum and in Diluadanga, Gondolpara in 24-Parganas; 9th of February—Paromoni Ghat Road, Baranagar, 24-Parganas, S. P. Banerjee Street, Alambazar, 24-Parganas, Sultanpore, Dum Dum, 24-Parganas, Gouripore, Dum Dum, 24-Parganas, Gorabazar, Dum Dum, 24-Parganas; 10th of February—Babonpore, Dum Dum, 24-Parganas; 11th of February—Nai *Bustee* Gorabazar, Dum Dum, 24-Parganas; 12th of February—Nagar Bazar, Dum Dum, 24-Parganas, Badra, Dum Dum, 24-Parganas, Bagjalla, Dum Dum, 24-Parganas, Dr. Ata Md. Road, Dum Dum, 24-Parganas, Gorabazar, Dum Dum, 24-Parganas, R. N. Guha Road, Dum Dum, 24-Parganas, Hajrat Lutfur Rahman Road, 24-Parganas, Kabrastan Road, Dum Dum, 24-Parganas, Insulator Road, Dum Dum, 24-Parganas, Kali Prasad Saw Street, Dum Dum, 24-Parganas, Khublal Saw Street, Dum Dum, 24-Parganas, Tod Road, Gorabazar, 24-Parganas, Gun Foundry Griding Road, Kachi Sarak, Dum Dum Municipal Lane, Dum Dum, 24-Parganas, Lalzi Saw Street, Dum Dum, 24-Parganas, N. C. Mitter Road, Dum Dum, 24-Parganas, Dhuniapara Road, Barrackpore, 24-Parganas; 13th of February—Digla Khanpara, Dum Dum, 24-Parganas, Manickpore, Dum Dum, 24-Parganas, Qazipara, Dum Dum, 24-Parganas, Kabrastan Road, Dum Dum, 24-Parganas, R. N. Guha Road, Dum Dum, 24-Parganas, Bagjalla, Lutfur Rahman Road, 24-Parganas, Digla Gorabazar, Dum Dum, 24-Parganas, H. Lutfur Rahman Road, Dum Dum, 24-Parganas, Zamindari *Bustee*, Dum Dum, 24-Parganas; 14th of February—Nimta, Dum Dum, 24-Parganas, R. N. Guha Road, Dum Dum, 24-Parganas; 15th of February—Rai Bahadur R. N. Guha Road, Dum Dum, 24-Parganas.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. Before the Statutory Commission of Enquiry into the Disturbances all facts are to be placed and their veracity or otherwise is to be tested.

